প্রশিক্ষন • সম্পদসমূহ • কেস স্টাডিস

# পদক্ষেপ

২০১৮ সংস্করণ ১০৪

learn.tearfund.org

## কারাগার



এই সংস্করণে আছে


৩ অপরাধের স্রোতে আশার ছোট ছোট ঢেউ

৬ আফ্রিকার কারাগারগুলির রুপান্তর

৯ বন্দিদের পরিবারগুলিকে সহায়তা করা

১০ নতুনদের জন্য কারাগার পরিদর্শন

১৪ একটি ন্যায়বিচারের ফলে কি হয়?

১৬ পুনঃবিবেচনামূলক ন্যায়বিচার কি?


tearfund

## এই সংস্করণে যা আছে

### বিষয়গুলি


৩ অপরাধের স্রোতে আশার ছোট ছোট ঢেউ

৪ স্বাস্থ্যসম্মত কারাগার তৈরী করা

৯ কারাবন্দি পরিবারগুলোর জন্য যত্ন

১০ নতুনদের জন্য কারাগার পরিদর্শন

১৪ একটি ন্যায়বিচারের ফল কি হয়?

১৬ পুনঃস্থাপনমূলক ন্যায়বিচার কি?

১৮ বাধাগুলির পিছনে সু-খবর

১৮ কারা-পরামর্শের জন্য কিছু শীর্ষ উপদেশ

১৯ বের হয়ে নতুন করে শুরু করা

২০ হন্ডুরাসে অপরাধ প্রতিরোধ

২৪ যুব অপরাধীদের জন্য শৃঙ্খলাগুলি ভেঙ্গে ফেলা


### নিয়মিত


৫ বাইবেল অধ্যয়ন: সাবেক অপরাধীদের জন্য একটি পরিবার

৬ সাক্ষাৎকার: আফ্রিকার কারাগারগুলি রুপান্তরিত হওয়া

২১ শিশুদের স্থান

২২ সম্পদের উপায়গুলি

২৩ সমাজ


### নিন এবং ব্যবহার করুন


১২ পোস্টার: পরিচয় করান... টিয়ারফান্ড শিক্ষা


# প দ ক্ষে প

## কা রা গা র

ইংল্যান্ডের ঠিক দক্ষিন উপকুলের একটি দ্বীপে আমি বড় হই, যেটি সর্বোচ্চ নিরাপত্তা সম্পন্ন দুটি কারাগারের জন্য বিখ্যাত ছিল।শিশু হিসাবে কারাগারের উচুঁ প্রাচীরগুলোর প্রতি আমার একধরনের মুগ্ধতার সাথে ভয় মিশে ছিল।কারাগারটির পাশ দিয়ে যাওয়ার সময় ভিতরের মানুষগুলির জীবন কেমন হতে পারে তা ভেবে অবাক হতাম।

কারাগরের মধ্যে যা ঘটে, তা আমাদের কারো কারো কাছে একটি রহস্য- কিন্তু এটা হওয়ার দরকার নাই। অনেকে ইতিমধ্যেই হয়তো কারাগারে কাজ করছো কিন্তু অন্যদের জন্য এটা কারাগারের প্রাচীরের উপর দিয়ে এক ঝলক ভিতরটা দেখার একটি সুযোগ হতে পারে।

কারাবন্দীদের এবং সাবেক অপরাধীদেরকে বিভিন্নভাবে সহায়তা করা যায়, যেমন ঈশ্বরের সহানুভূতির অন্তর দেখিয়ে এবং আমাদের মত মানুষ যাদের নিদারুনভাবে ঈশ্বরকে প্রয়োজন তাদেরকে স্বাগত জানিয়ে।কারাগারের চ্যাপলেইন মিঃ ম্যাট বোয়েস এই সংস্করনে(পৃষ্ঠা ১০-১১)কারাগার পরিদর্শনের সাথে জড়িত হওয়ার বিষয়ে আলাপ করেন।একটি ন্যায্য বিচারের ফলে কি হয় এবং আপনার দেশে যখন ন্যায্য বিচার হয় না তখন কি করতে হয় তা আমরা বিশ্লেষন করি(পৃষ্ঠা ১৪-১৫)। সিঙ্গাপুর কারাগার সংঘ, কারাবন্দী পরিবারগুলোকে সহযোগিতা করার বিভিন্ন উপায় নিয়ে আলোচনা করে(পৃষ্ঠা ৯),হন্দুরাসে যুবকদেরকে আপরাধ জগত থেকে মুক্ত রাখতে রেড ভিভা তার ফুটবল ব্যবহারের অভিজ্ঞতার কথা বলে(পৃষ্ঠা ২০)।

আমরা আমাদের ৫০তম প্রতিষ্ঠাবার্ষীকি উদযাপন করছি এবং একটি প্রাতিষ্ঠান হিসাবে ২০১৮ সালটি টিয়ারফান্ডের কাছে গুরুত্বপূন। পুরাতন নিয়মে ঈশ্বরের ব্যবস্থাতে প্রতি পঞ্চাশ বছরে একবার জুবিলী বছর পালন করতে ইস্রায়েলীয়দের আদেশ করা হয়েছিল। এর মধ্যে ছিল পুরাতন দেনা বাতিল করা, দাসদের মুক্ত করা এবং ঈশ্বরের সাথে একে অন্যের এবং ভুমির সাথে সম্পর্ক পুনরুদ্ধার করা।এটা ছিল অবমুক্ত এবং পুনরুদ্ধারের সময়।পদক্ষেপ এর তিনটি সংস্করনের মধ্যে এটিতেই প্রথম জুবিলী বছরের ধারনা যুক্ত করা হয়।

এই সংস্করন প্রস্তুত করাতে এমন একটি আশির্বাদ হয়েছে যে পৃথিবীর সবচেয়ে বড় কারাগার পরিচর্যা সংস্থা, প্রীজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল এর সাথে সহযোগী অংশীদার হওয়া।যদি আপনি মনে করেন যে কারা পরিচর্যা কাজের জন্য আপনার আহবান আছে তবে কারা সংঘের আপনার স্থানীয় শাখাটিই হল শুরু করার সবচেয়ে ভাল জায়গা।



Zoe

জয়ী মার্টন – সম্পাদক

পদক্ষেপ ঠিকমত কাজ করছে কি-না তা নিশ্চিত করতে, পি এস এর সাহায্য আমার দরকার। কয়েকবছর আগে আমাদের একটি পাঠকের দল ছিল যারা ই-মেইলের মাধ্যমে পদক্ষেপের প্রতিটি সংস্করনের মতামত পাঠাত।এই দলটি পুনরায় শুরু করতে আমি আগ্রহী।আপনি যদি এর অংশ হতে চান তবে আমাকে, footsteps@tearfund.org ই-মেইল করুন এবং আপনার নিজের সম্পর্কে আমাকে অল্পকিছু বলুন। ধন্যবাদ!

প্রচ্ছদে দেখা যায় যে উগান্ডার লুজিরা কারাগারে একজন কারাবন্দী মেঝে পরিষ্কার করছেন- ছবি:এন্ড্রু ফিলিপ



লিন্ডসে এ. ফ্রেডেরিক এর লেখা

# অপরাধের স্রোতে ছোট ছোট আশার ঢেউ

পৃথিবীতে ২২ হাজারেরও বেশি কারাগারে এক কোটির বেশি মানুষ রয়েছে, অপরাধ হল একটি সামাজিক সমস্যা যা মানুষের ব্যাক্তিজীবন, পরিবার এবং সমাজগুলি ধ্বংস করে দেয়।এবং কারাগারে জনসংখ্যা বেড়েই চলেছে।

কেন মানুষ আপরাধে জড়িয়ে পড়ে, এই প্রশ্নটি নিয়ে অনেক গবেষনা হয়েছে।যুক্তিগুলি বিভিন্ন সংস্কৃতি এবং সামাজিক অবস্থাগুলির উপর নির্ভর করে-কিন্তু গবেষনা বলে যে এমন একটিও কারন নাই যা অপরাধ করতে প্রভাবিত করে। বরং, এটি হল অনেকগুলি ঝুঁকি বিষয়ের সমন্বয়। বাড়িতে অপব্যবহার এবং হিংস্রতার মধ্যে বেড়ে উঠা, মানসিক অসুস্থতাগুলি অবহেলিত থাকা, আয় এবং শিক্ষার মাত্রা কম হওয়া।নিম্ন-আয়ের অনেক দেশে দারীদ্রতা এবং বেকারত্ব যুবকদেরকে অপরাধের দিকে ঠেলে দেয়, বিশেষকরে বড় বড় শহরের দরীদ্র জেলাগুলোতে।

যুক্তরাজ্যের একজন প্রাক্তন কারাবন্দী স্টিফেন বলেন, নিজেকে অপরাধে লিপ্ত করার পিছনে তার পিতার মদ্যপানে আসক্তি এবং শারিরীক হিংস্রতার অবদান ছিল।‘আমাকে এমন এক পরিবেশে আনা হয়েছিল যেখানে ছোটদের জন্য ছিল না কোন ভালবাসা এবং প্রাতিষ্ঠানিকভাবে কিছু করার মত কোন বরাদ্দ।‘আমরা ভয়ের মধ্যে বেড়ে উঠি। অবশেষে, আমি আমার পিতার মত আচরন করতে শুরু করি।আমি মদ পান করতে শুরু করি যা অবশেষে আমাকে নেশায় আসক্ত করে ফেলে। বেশকিছু পরিমান হেরোইন সহ যখন আমি ধরা পড়ি তখন আমার বয়স ছিল পঁচিশ বছর।’

## সাজা দেওযার সমস্যাগুলি

কারাগার এবং আমাদের সাজাদান পদ্ধতির মধ্যে সমস্যাগুলি কারাগারে জনসংখ্যা বৃদ্ধির কারন্। এই সমস্যাগুলির সাথে আছে কারাগারে জীবন-যাপনের দারীদ্রাবস্থা, যেখানে অপুষ্টি, রোগব্যধি এবং হিংস্রতা লেগেই থাকে। বেশিরভাগ দেশগুলিতে পূনঃদোষী করার হার অনেক বেশি যা ৫০% মত। বিভিন্ন আইনী ব্যবস্থাগুলি খুব ভারি বোঝার মত চেপে আছে, ফলে লাখো বন্দী চাপাচাপি করে অস্বাস্থ্যকর পরিবেশে কেবল বিচারের জন্য অপেক্ষা করছে।কোন কোন ক্ষেত্রে বিচারের জন্য কারাগারে অপেক্ষার এই সময় অপরাদের জন্য সম্ভাব্য সর্বোচ্চ প্রাপ্য দন্ডের চেয়েও বেশি হয়ে থাকে। আইনী পরামর্শ বা টাকা-পয়সা ছাড়া, অনেককে দেওয়ানি কারনে যেমন কোন অপরাধে দোষী না হলেও শুধু ঋন পরিশোধ না করায় কারাবন্দী থাকতে হয়।



কারাগারে কি শুধুই সাজা ভোগ করতে হয় না-কি সেখানে ভাল কিছুতে রুপান্তরও ঘটে?
ছবি: এন্ড্রু ফিলিপ

বর্তমান ফৌজদারী ন্যায়বিচার পদ্ধতি সম্পর্কে সমালোচনাগুলি যুক্তি দেয় যে কারাবন্দী এবং অপরাধের শিকার হওয়া ব্যক্তি উভয়েরই প্রয়োজন মেটাতে যথেষ্ট করা হচ্ছে না।ন্যায়বিচার পদ্ধতির লক্ষই হল দোষীদের আইনভঙ্গের বিষয়টি বিশদভাবে তুলে ধরা এবং প্রায়ই কারাগারের ভিতরে সহিংসতার হুমকি চর্চার মূল বিষয় হয়।কারাবন্দীরা তাদের আচরনের জন্য ব্যক্তিগত দায়িত্ববোধ শিখতে পারে এমন পরিবেশ সেখানে না পেয়ে বরং তারা আবিষ্কার করে যে কারাগার হল এমন এক জায়গা যেখানে মুক্তি না পাওয়া পর্যন্ত হয় সহ্য কর, আর না হয় কর্তৃত্ব কর।

এরকম পরিবেশের মধ্যে থাকার পর কারাবন্দীরা যখন মুক্ত হয় তখন তাদের সমাজে আবার ফিরে যেতে প্রায়ই তারা খুব সমস্যায় পড়ে। তাদের হয়তো কিছু দক্ষতা এবং ছোট ছোট কাজের অভিজ্ঞতা থাকতে পারে এবং তাদের অপরাধমূলক দন্ডাজ্ঞা তাদেরকে সবজায়গাতেই পিছু তাড়া করে। গ্রহনযোগ্য এবং চলনসই কোন কাজের উপায় না করে যখন তাদেরকে কারাগারের বাইরে ছেড়ে দেওয়া হয় তখন সাবেক অপরাধীদের মধ্যে অপরাধ চক্র এবং শাস্তি নিজে থেকেই আবার চালু হয়।

## কারাবন্দীদের পরিবার

কারাবন্দী এবং তাদের পরিবারগুলির মনস্তাত্বিক প্রভাবও এই বিষয়গুলির সাথে যোগ করা হয়। কারাবন্দীর পরিবারগুলি হয়তো লজ্জিত হয়ে এবং কলঙ্ক এড়াতে তাদেরকে প্রত্যাখান করতে পারে।কলোম্বিয়ার কার্টাজেনার একজন কারাবন্দী, উইলসন বলেন, অবস্থা এত খারাপ হয়েছিল যে আমি আমার জীবন শেষ করে দিতে চেয়েছিলাম: আমার পরিবার আমাকে ত্যাগ করেছিল এবং আমি নিজেকে মূল্যহীন ও আশাহীন ভাবছিলাম।

নিম্ন আয়ের দেশগুলিতে, একজন পিতা কারাবন্দী হলে সেই পরিবারের আর্থিক স্বচ্ছলতার উপর তা মারাত্মক প্রভাব ফেলতে পারে।সারা পৃথিবীতে ১৪০ লক্ষেরও বেশি শিশুর পিতা বা মাতা কোন একজন বন্দী আছেন।এই শিশুরা দারিদ্র্য, সহিংসতা এবং মানব পাচারের মতো বিপদের সম্মুখীন হয়। বন্দীদের অনেক শিশুই অপুষ্টিতে ভোগে, স্কুলের পোষাক এবং বইয়ের জন্য শিক্ষার খরচ যোগাতে পারে না বা তাদের পরিবারকে সাহায্য করার জন্য স্কুলে আসা বন্ধ করতে হয়।

অন্যান্য শিশুরা মোটামুটিভাবে মা-বাবা হারা হয়।মাঝে মাঝে তাদের অবশিষ্ট পিতামাতারা আবার বিয়ে করে এবং সন্তানদের এই নতুন সংসারে আর স্বাগত জানানো হয় না।অন্যান্য ক্ষেত্রে বাকি মা-বাবা কেবলমাত্র তাদের সন্তানদের যত্ন নেওয়ার দায়িত্ব পালন করতে পারেন না।

কারাবন্দী হওয়ার ফলে লজ্জা এবং কলঙ্ক এই পরিবারগুলিকে তাদের গ্রাম এবং সমাজ থেকে দুরে সরিয়ে দেয়।অর্থ উপার্জনের খুবই অল্প সুযোগ সুবিধাসহ বিচ্ছিন্ন জীবন যাপনের ফলে তারা আরও কঠিন সামাজিক এবং অর্থনৈতিক সমস্যায় পড়ে।

## ছোট ছোট আশার ঢেউ

উপরের তালিকায় অনেক সমস্যার কথা থাকলেও কারাবন্দী এবং তাদের পরিবারের জন্য আশা আছে।কারাগার পরিচর্যার অনেক দল আইনী সাহায্য, স্বাস্থ্য পরিচর্যা, পুনঃস্থাপনমূলক বিচার সংস্কার(১৬ পৃষ্ঠা দেখুন)এবং শিক্ষাদান সহ সমাধানগুলি দিচ্ছেন।এই সাহায্যগুলি কারাবন্দী এবং তাদের পরিবারগুলোকে মানসিক সুস্থ্যতা, শারিরীক স্বাভাবিক অবস্থা বৃদ্ধিলাভ এবং কারিগরী দক্ষতার উন্নতির জন্য দেওয়া হয়। এখন আমরা এই সেবাগুলির ক্রমবর্ধমান প্রভাবগুলি দেখতে পাই।

বিগত চল্লিশ বছর ধরে এই পুনঃস্থাপনমূলক ন্যায়বিচারের যুগান্তকারী ধারনার উদ্ভব হয়েছে। এটি একটি অপরাধমূলক বিচারের সংস্কার আন্দোলন যা বাইবেলের বিচার নীতি থেকে নেওয়া হয়। এটি কারাগারের মধ্যে ক্ষমতা ও সহিংসতার চর্চাকে পরিবর্তন করে ব্যাক্তিগত দায়িত্ববোধে পরিনত করতে সাহায্য করছে। কয়েদীদেরকে তাদের ভুলের স্থায়ীত্বকাল দেখতে, দায়িত্ব নিতে, দ্বন্দ্ব সমাধানের দক্ষতা শিখতে এবং বিশ্বাসে নিজের যাত্রা শুরু করার সুযোগ নিতে এই পুনঃস্থাপনমূলক বিচার সাহায্য করে। এছাড়াও এটি অপরাধের শিকার হওয়া ব্যক্তিদেরকে সুস্থ্যতা খুঁজে পেতে এবং সামনে এগিয়ে যেতে সাহায্য করে।

Vocational training and support can help prisoners' families to improve their income.
Credit: Prison Fellowship Cambodia

যুক্তরাজ্যের একজন সাবেক কারাবন্দী স্টীফেন এর একবার স্থানীয় একটি কারা-সহযোগী খ্রীস্টিয়ান দল থেকে আসা সাবেক অপরাধীদের দলের সাথে দেখা হয়েছিল। তাদের প্রভাব অবশেষে স্টীফেন এর বিশ্বাসকে রুপান্তরিত করেছিল যা তার জীবনকে একেবারে বিপরীত দিকে ঘুড়িয়ে দেয়। সে এখন পৃথিবীর সবচেয়ে বড় কারাবন্দী পরিচর্যা প্রতিষ্ঠান, প্রীজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল এর সাথে সারা পৃথিবী ঘুড়ে বেড়ায়, এটি কারাগারে সু-খবর প্রচার এবং কারাবন্দীদের যাত্রা® (১৮ পৃষ্ঠা দেখুন) নামে শিষ্যত্বগঠন কার্যক্রমকে সহজতর করতে কারা সেচ্ছাসেবকদেরকে প্রশিক্ষন দেয়। উইলসন নামে কলোম্বিয়ার একজন কয়েদী উপরে উল্লেখ করেন, যখন তিনি নিজের জীবনকে শেষ করে দেওয়ার চিন্তা করছিলেন তখন এই কার্যক্রমে অংশ নেন। একটি অধিবেশন চলাকালে ঈশ্বরের জীবন পরিবর্তনকারী অবস্থার মুখোমুখি হয়েছিলেন। তিনি এখনও কারাগারে কিন্তু ঈশ্বর তার জীবনে যা করেছেন তা অন্য কয়েদীদের কাছে বলতে তিনি এখন নিবেদিত।

কারাবন্দীদের পরিবারের জন্য, হাজার হাজার লোক তাদের স্থানীয় কারা পরিচর্যাগুলি থেকে সমর্থন পাচ্ছে যা সরকারী কর্মকর্তা, স্থানীয় মন্ডলী, এনজিও, স্কুল এবং স্বাস্থ্য কেন্দ্রের সাথে অংশীদার। এই সংস্থাগুলি পরিবারগুলিকে কারিগরী শিক্ষা, স্বাস্থ্য সুরক্ষা, পরামর্শ সেবা প্রশিক্ষন পেতে সাহায্য করে এবং দলগুলিকে সহযোগিতা করে।

নিজেদের অবস্থা আরও স্থিতিশীল হলে পরিবারগুলির অন্যান্য গরীব সম্প্রদায়ের সদস্যদের কাছে যাওয়ার গল্পগুলি বেশকিছু সংস্থা আলাপ করছে।

## আপনি যা করতে পারেন

সমাধানগুলি সরকারের হাতে ছেড়ে দেওয়াটা হতে পারে লোভনীয়, বাস্তবতা হল অপরাধ আমাদের সমাজের সকলকে স্পর্শ করে এবং কারাবন্দীরা আমাদের প্রতিবেশী। খ্রীষ্টিয়ান হিসাবে, ঈশ্বর আমাদেরকে ডেকেছেন যেন আমরা এতিম ও বিধবাদের দুঃখ-দুর্দাশায় দেখাশুনা করি (যাকোব ১:২৭), গরীবদের খাবার ও কাপড় দিই, অসুস্থ্যদের যত্ন নিই এবং কারাগারে বন্দীদের দেখতে যাই (মথি ২৫:৩৬)। ব্যক্তিগতভাবে, মন্ডলী থেকে এবং সামাজিকভাবে আমরা অনেক উপায়ে এটা করতে পারি।

- কাজ: কারাগারে প্রচার করে এমন অনেক সংস্থা তাদের কর্মসূচীগুলি সহজতর করতে এবং সেবাগুলি দিতে স্বেচ্ছাসেবকদের উপর নির্ভর করে। মন্ডলীগুলি সুনির্দিষ্টভাবে তাদের নিজেদের পরিচর্যাগুলি শুরু করে অথবা কাজ করছে এমন কারো সাথে অংশীদার হয়ে এই প্রয়োজনগুলি মেটাতে খুব শক্তিশালীভাবে ভূমিকা রাখতে পারে।

- আবেদন: প্রার্থনা হল সবচেয়ে শক্তিশালী একটি উপায় যা আমরা কারাবন্দী এবং তাদের পরিবারগুলির যত্নের জন্য অনবরতভাবে করতে পারি। কারাবন্দী, সাবেক বন্দী, তাদের পরিবারগুলি, অপরাধের স্বীকার হওয়া ব্যক্তি, কারাগার এবং সরকারী কর্মকর্তা এবং কারাগারে পরিচর্যাকারীদের জন্য একটি দিন বা একটি সপ্তাহ প্রার্থনা করতে আপনার মন্ডলী, বাইবেল অধ্যায়নের দল বা পারিবারিক প্রার্থনায় চিন্তা করুন।

- সমর্থক: কারাগার পদ্ধতিতে, স্কুলে এবং অফিস-আদালতে পুনঃস্থাপনমূলক ন্যায়বিচার পুনর্গঠনে আপনি সমর্থন করতে পারেন। কারাগারে অন্যান্য অবস্থা এবং কারাবন্দী পরিবারগুলি যে সমস্যার সম্মুখিন হয় সে বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে সাহায্য করতে পারেন। যে সমস্ত সংগঠন অপরাধ বিচারের ক্ষেত্রে সক্রিয়ভাবে কাজ করছে তাদেরকে আপনি সমর্থন দিতে পারেন।

এই ভগ্ন এবং যন্ত্রনার পৃথিবীতে যে সমস্ত মানুষ অপরাধ এবং কারাদন্ডে ক্ষতিগ্রস্থ তাদের যত্নে আমরা যীশুর ভালবাসা এবং করুণার উদাহরন দেখায়।

লিন্ডসে এ. ফ্রেডরীক হলেন প্রীজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল এর মার্কেটিং এবং যোগাযোগ বিভাগের ব্যস্থাপক। আরও বেশি তথ্যের জন্য অথবা আপনার স্থানীয় কারাবন্দী সহভাগিতা পরিচর্যার সাথে কিভাবে যুক্ত হওয়া যায় তা জানতে ভিজিট করুন, www.pfi.org অথবা email info@pfi.org



জোয়েল রোজালেস ম্যাটুট

# বাইবেল অধ্যায়ন

## সাবেক -অপরাধীদের জন্য একটি পরিবার



আমাদের বাইবেল অধ্যায়ন দলে বা মন্ডলীতে একজন সাবেক অপরাধীকে কিভাবে আমরা স্বাগত জানাব?

লোকরা যখন কারাগার থেকে মুক্ত হয়, তখন তাদের অনেকেরই যাওয়ার কোন জায়গা এবং কাজ থাকে না। সমাজ তাদেরকে গ্রহন করে না, তখন তাদের অবস্থা আরও খারাপ হয়।

• আপনার দেশ বা স্থানীয় কারাগারে বন্দী মানুষেরা যে অবস্থাগুলির মুখোমুখ হয় তা নিয়ে কিছু সময় কথা বলুন।

• বন্দী মানুষেরা যখন মুক্ত হয় তখন তাদের অবস্থা কেমন থাকে, আপনি কি মনে করেন?

মন্ডলী- একটি বিশ্বাসের সম্প্রদায় থেকে ঈশ্বরের সন্তানেরা এই লোকদের গ্রহন করে। এটা সম্ভব করতে মন্ডলীর তিনটি গুন থাকতে হয়:

### ১- মন্ডলী হল ভালবাসার মানুষদের একটি দলের মত

যীশু যেমন আমাদেরকে ভালবাসেন, আমরাও যেন অন্যদেরকে তেমন ভালবাসি সেজন্য তিনি আমাদেরকে আহবান করেন। এটাই হল সবচেয়ে ভাল এবং নিঃস্বার্থ ভালবাসা। শেষ বিচারের সময় যিশু বলবেন:

“এস, তোমরা যারা আমার পিতার আশির্বাদ পেয়েছ; পৃথিবী সৃষ্টির শুরুতেই যে রাজ্য তোমাদের জন্য প্রস্তুত করা হয়েছে তার অধিকারী হও। যখন আমি কারাগারে বন্দী ছিলাম তখন আমাকে দেখতে গিয়েছিলে।” তখন ঈশ্বরভক্ত লোকেরা জবাবে তাঁকে বলবে, “প্রভু, কখন আমারা কারাগারে আপনাকে দেখতে গিয়েছিলাম?” তখন রাজা বলবেন, “আমি তোমাদের সত্যই বলছি,আমার এই ভাই এবং বোনদের মধ্যে সামান্য কোন একজনের জন্য যখন তা করেছিলে তখন আমারই জন্য তা করেছিলে।” (মথি ২৫:৩৪-৪০)।

মন্ডলীর হাতগুলি হল খ্রীষ্টেরই হাত। এটা আমাদের মধ্য দিয়েই হয় যেন লোকেরা ঈশ্বরের ভালবাসা লাভ করতে পারে। আমরা প্রায়ই অপরাধীদের সাথে দেখা করি এবং ভালবাসার বার্তা প্রচার করি, কিন্তু মুক্ত হওয়ার পর মন্ডলীগুলির মধ্যে তারা এই ভালবাসা পাই না। আমাদেরকে অবশ্যই মনে রাখতে হবে যে যখন আমরা মানুষের প্রয়োজনে কিছু করি তখন যীশু খ্রীষ্টের জন্যই তা করি।

• কারাগার থেকে সম্প্রতি মুক্ত হওয়া এমন কোনো ব্যাক্তির কাছে, কিভাবে আমরা কার্যকরীভাবে ঈশ্বরের ভালবাসা দেখাতে পারি?

### ২- মন্ডলী হল অন্যকে গ্রহন করে নেওয়ার একটি সমাজ

সাবেক-অপরাধীদেরকে সমাজ অপবাদ দেয়, প্রায়ই তাদেরকে অবজ্ঞা করে কিন্তু মন্ডলীতে এটা হওয়া উচিত নয়। ঈশ্বরের সন্তান হিসাবে তাদেরকে মূল্যায়ন ও সম্মান করা এবং তারা যাতে আবার তাদের সমাজের সাথে মিশতে পারে সেজন্য আমাদের অবশ্যই সঠিক পরিবেশ তৈরী করা উচিত। স্বভাবগতভাবে আমাদের অনেকেরই সাবেক-অপরাধীদের নিয়ে ভয় আছে এবং এটা জয় করতে ঈশ্বরের সাহায্য চেয়ে আমাদের প্রার্থনা করা দরকার।

আমাদের প্রভু, তাঁর সেবা কাজের সময়ে সমাজের ঐসমস্ত কলঙ্কিত লোকদের সাথে অনেকবার মেলামেশা করেছিলেন, মথি ২:১৬-১৭ পদে আমরা পড়ি:

‘যখন ব্যবস্থার শিক্ষক ফরীশিরা দেখল যে তিনি পাপী এবং কর-আদায়কারীদের সাথে খাওয়া-দাওয়া করছেন, তখন তারা তাঁর শিষ্যদেরকে জিজ্ঞাসা করল: “কেন তিনি পাপী এবং কর-আদায়কারীদের সাথে খাওয়া-দাওয়া করেন?” যীশু তা শুনে তাদেরকে বললেন, “সুস্থ্যদের জন্য ডাক্তারের দরকার নেই কিন্তু অসুস্থ্যদের জন্য দরকার। আমি ধামিকদের ডাকতে আসি নি কিন্তু পাপীদেরকে ডাকতে এসেছি।”

• একজন সাবেক অপরাধীর প্রতি আমরা কিভাবে আমাদের সমর্থন দেখাতে পারি?

### ৩- একটি মন্ডলী হল পুনঃস্থাপনমূলক সমাজের মত

বাইবেল বলে যে, মন্ডলী হল একটি পুনঃস্থাপনমূলক সমাজ যেখানে আহতদের ক্ষতগুলো সুস্থ্য করা হয়। যারা মুক্ত হয় তাদেরকে অবশ্যই মন্ডলীতে স্বাগত জানাব কারন আমরা এখানে আছি পুনঃস্থাপন করতে কিন্তু দোষারোপ করতে নয়। মথি ৭:১-২ পদে প্রভু আমাদেরকে শিক্ষা দেন যে, ‘বিচার করো না কেননা তুমিও বিচারিত হবে। যেভাবে তোমরা অন্যের দোষ ধর সেভাবে তোমাদেরও দোষ ধরা হবে এবং যেভাবে মেপে দাও সেভাবে তোমাদের জন্যও মাপা হবে।’ একইসাথে আমাদের মন্ডলীর লোকদের নিরাপত্তা আমরা সবসময় অবশ্যই নিশ্চিত করব।

• সম্প্রতি মুক্তি পাওয়া কোন ব্যাক্তির পুনঃস্থাপনের জন্য আমরা কোন্ নির্দিষ্ট উপায়ে সাহায্য করতে পারি?

### ভূমিকা পালন

• একজন সাবেক-অপরাধীদেরকে কিভাবে আমাদের বাইবেল অধ্যায়ন দলে গ্রহন করব, আসুন সে বিষয়ে আমরা ভুমিকা নিই।

কারাবন্দী হয়ে যারা কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে গেছেন, আমাদের মন্ডলীগুলো যদি তাদেরকে ভালবাসে, গ্রহন করে এবং পুনঃস্থাপন করে তবে খ্রীষ্টের প্রতিনিধি হিসাবে আমরা বিশ্বস্তভাবে আমাদের কাজ পূর্ন করতে থাকব। আমাদের ভালবাসা এবং সমর্থন দিয়ে তাদেরকে পুনরায় দোষী হওয়া থেকে বিরত থাকতে সাহায্য করতে পারি।

পালক জোয়েল রোজালেস ম্যাটুট, হন্ডুরাসের যে গোষ্ঠিগুলোতে অপরাধের মাত্রা অনেক বেশি ছিল তাদের মধ্যে অনেক বছর ধরে কাজ করেছেন।

ই-মেইল: joelrmidpc@yahoo.com



# সাক্ষাৎকার

## আফ্রিকার কারাগারগুলির বদলে যাওয়া

আলেক্সান্ডার ম্যাকলীন, দশ বছর আগে আফ্রিকান প্রীজনস প্রজেক্ট (এ পি পি) প্রতিষ্ঠা করেন। কারাগারের ভিতরে বাস করার অবস্থা, স্বাস্থ্য সেবা দেওয়া, লাইব্রেরী, শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষনগুলি উন্নত করতে সংস্থাটি কঠিন পরিশ্রম করে। এগুলি ছাড়াও এ.পি.পি আরও কিছু বৈপ্লবিক কাজ করে যেমন; কারাবন্দী এবং কারাকর্মীদেরকে আইনের অপরিহার্য শর্তগুলি অধ্যায়ন করতে এটা সমর্থন দেয়। তাতে বিষ্ময়কর ফল হয়----

প্রথম কোন্ বিষয়টি আপনাকে কারাগারে কাজ শুরু করতে উৎসাহিত করেছিল?

আমার বয়স যখন আঠার বছর তখন আমি উগান্ডাতে একটি পুনর্বাসন কেন্দ্রে স্বেচ্ছাসেবা দিতে গিয়েছিলাম। এই পুনর্বাসন কেন্দ্রে কাজের কারনে আমি উগান্ডার জাতীয় হাসপাতাল, মুলাগো-তে তিন মাস কাজ করেছিলাম। ঐ হাসপাতালে কয়েদীরা ছিল এবং আমি বুঝতে পেরেছিলাম যে অনেকেই তাদের সমাজ থেকে মূল্যহীন বা অযোগ্য হিসাবে বিতাড়িত হয়েছিল। আমার জীবনে এটা খুবই গঠনমূলক একটি সময় ছিল।

অসুস্থ্য কয়েদী এবং কিশোর ছেলেদের সাথে দেখা করলে প্রায়ই তারা তাদের নিজ নিজ এলাকার কারাগার পরিদর্শন করতে আমাকে উৎসাহিত করত। আমি উগান্ডার সর্বোচ্চ নিরাপদ কারাগারে কারাগার সংস্কারের কাজ শেষ করে, কারাবন্দী এবং কারাকর্মীদের সাথে কাজ করছি। সেখানকার মৃত্যুহার ব্যপকভাবে নেমে যেতে দেখলাম। আমি প্রশ্ন করেছিলাম, সারা দেশে এত এনজিও থাকলেও কেন তারা এত অল্প সংখ্যক কারাগারগুলিতে কাজ করছে? কাজেই পুরুষ, নারী এবং কিশোর-কিশোরী কয়েদীদের মর্যাদা এবং আশা ফিরিয়ে আনতে আমি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বছর থেকেই আফ্রিকান প্রীজনস প্রজেক্ট (এ পি পি) শুরু করেছিলাম।

কারাগারের মধ্যে জীবন-যাপন পদ্ধতিতে সমস্যগুলি কি কি?

গত কয়েক শতকে, অফ্রিকার উপ-সাহারা এলাকার উগান্ডা এবং কেনিয়ার মত দেশগুলিতে জনসংখ্যা ব্যপকহারে বৃদ্ধি পেয়েছে। এর ফলে, কারাগারে পাঠানো হচ্ছে এমন মানুষের সংখ্যাও প্রচুর পরিমানে বৃদ্ধি পায়, কিন্তু সেইভাবে কারাগারের ধারন ক্ষমতা বাড়ানো হয়নি। কারাগারগুলি খুব বেশি পরিমানে জনাকীর্ণ হয়ে পরে।

এই অতিরিক্ত মানুষের ভিড় সমস্ত সুযোগ-সুবিধার উপর প্রচন্ড ধকল নিয়ে আসে। তার মানে কয়েদীদের খাওয়া-দাওয়া প্রায়ই ভাল হয় না এবং রাতের বেলা তাদের কুঠরীগুলোতে ঘুমানোর জন্য শোবার জায়গা হয় না। কারাগারের সেবাকাজ প্রচন্ড চাপে থাকে এবং কয়েদীদের প্রয়োজন মেটাতে পর্যাপ্ত অর্থ থাকে না।

> পূর্ব আফ্রিকা থেকে পাওয়া ভাল অভ্যাসগুলি আমরা সারা পৃথিবীর সাথে ভাগাভাগি করতে চাই।

জীবন-যাপনের অবস্থাগুলিতে বড় ধরনের পরিবর্তন কিভাবে অর্জন করা যেতে পারে বলে আপনি মনে করেন?

আমার জন্য, শুরু দিকটা নিশ্চিত করা হচ্ছে যে শুধু কারাগারে থাকতে হবে এমন লোকেরাই সেখানে আছেন।

স্বাস্থ্য এবং প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে আমাদের কাজের জন্য এ পি পি পুরষ্কার লাভ করলেও আমরা বুঝতে পেরেছিলাম যে যাদের আমরা সেবা করছিলাম তারা যদি ভাল আইনী সহযোগিতা পায় তবে তাদের অধিকাংশই কারাগারে থাকবে না। আমাদের চিন্তা ছিল কয়েদী এবং কারাকর্মীদেরকে আইনী প্রশিক্ষন দিয়ে তাদের নিজেদের এবং অন্যদের জন্য মামলার আবেদন করতে তাদেরকে সক্ষম করা।এতে অনেক কারাবন্দী নির্দোষ প্রমানীত হয়েছে অথবা তাদের সাজা কমেছে, ফলে কারাগারের মধ্যে আমরা যেখানে কাজ করি সেখানে অতিরিক্ত ভীড় কমাতে এটা সাহায্য করে।

ছোটখাট অপরাধে বিচারের অপেক্ষায় থাকা লোকদেরকে বারবার কারাবন্দী হওয়ার দরকার আছে বলে আমরা মনে করি না।

কারাগার আইনী ছাত্র, সুসান কিগুলাকে ধন্যবাদ- শতশত কারাবন্দী মৃত্যূর সারি থেকে মুক্ত হয়
ছবি: আফ্রিকান প্রীজন প্রজেক্ট



কারাগারের ভিতরে এখন যা হচ্ছে সেই বিষয়গুলি প্রদর্শন করাটাও গুরুত্বপূর্ন বলে আমরা মনে করি। কারাগারের ভিতর বিভিন্ন সেবাতে সমস্যা থাকায় প্রায়ই সেগুলি খবরে আসে কিন্তু যারা মহৎ কিছু করছে আমরা সেটা নিয়ে উদযাপন করতে চাই। যে সমস্ত নেতারা পরিবর্তনের জন্য স্বপ্ন দেখেন তাদেরকে আমরা সাহায্য করতে চাই এবং বলি যে সম্পদ এবং সমর্থন যোগার করতে আমরা তোমাদেরকে সাহায্য করব।

কিভাবে কারাগারগুলি জীবন-রুপান্তরকারী স্থানে পরিনত হয়ে সত্যিকারভাবে উদযাপিত হতে পারে, যে সমাজ এমন চিন্তা করে সেই সমাজের একটি অংশ হওয়া আমাদের লক্ষ্য। পূর্ব আফ্রিকা থেকে পাওয়া ভাল অভ্যাসগুলি আমরা সাড়া পৃথিবীর সাথে ভাগাভাগি করতে চাই। কেনিয়া এবং উগান্ডার কারাগারগুলিতে এমন অনেক কিছু হচ্ছে যা থেকে উচ্চ-আয়ের দেশগুলি শিখতে পারে।

এ পি পি ভবিষ্যতে কি অর্জন করবে?



Alexander chatting with a prisoner. Photo: Andrew Philip

এ পি পি একটি কারাগার কল্যান এনজিও হওয়া থেকে আইন-কানুনের জ্ঞানের মধ্য দিয়ে মানুষকে ক্ষমতায়নের একটি সংস্থায় পরিনত হচ্ছে। কারাবন্দী এবং কারারক্ষীদেরকে আমরা আইন-সহকারী হিসাবে প্রশিক্ষন দিতে এবং লন্ডনের আইন উপাধি বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করার জন্য সক্ষম করে তুলছি। সমাজের প্রান্তিক বা অবহেলিত মানুষ এবং উকিলদের খরচ যোগাতে অক্ষম মানুষগুলিকে উচ্চমানের আইনী সেবা দিতে এই ব্যবহারিক প্রশিক্ষন তাদেরকে সক্ষম করবে।

আমরা যে সমস্ত লোকদেরকে প্রশিক্ষন দিয়েছি তাদের কাছ থেকে আইনি সাহায্য নেওয়ার ফলে উগান্ডা ও কেনিয়া থেকে প্রায় ৩০০০ মানুষ কারাগার থেকে মুক্ত হয়। আমরা চাই, ২০২০ সালের মধ্যে এরকম মুক্ত হওয়া মানুষের সংখ্যা ৩০ হাজারে দাঁড়াবে।

উগান্ডা এবং কেনিয়াতে আইনী জটিলতার মধ্যে থাকা লোকদেরকে উচু মানের আইনী সহায়তার ব্যবস্থা করার মধ্য দিয়ে একটা আদর্শ কাঠামো তৈরী করতে পেরে আমরা উদ্দিপ্ত হই। এরপর আমরা এই আদর্শ কাঠামোটি সমস্ত আফ্রিকা এবং এর বাইরেও ছড়িয়ে দিতে চাই। সাড়া পৃথিবীতে যে সমস্ত গরীব লোকেরা কারাগারে যায় এবং যে সমস্ত ধনী লোকেরা আইনজীবি হয় এটা তাদের তত্ত্বাবধান করে। কিন্তু আইনী জটিলতার প্রথম অভিজ্ঞতা পাওয়া লোকদেরকে ভালভাবে স্থাপন করা হয় যেন তারা এই আইন ব্যবহার করে গরীবদেরকে সাহায্য করতে পারে।

আপনার কাজের এমন কোন গল্প আছে কি যা আপনাকে নির্দ্দিষ্টভাবে উৎসাহিত করেছে ?

এরকম অনেক গল্প আছে! উগান্ডাতে আমাদের প্রথম ছাত্রী সুসান কাগুলার জন্য আমি নির্দ্দিষ্টভাবে দারুন গর্বিত হই। সে মৃত্যুর সারি থেকে শুরু করেছিল এবং লন্ডন বিশ্বদ্যিালয়ের মানবাধিকার আইন বিষয়ে একজন অন্যতম ছাত্রী ছিল। সে তার কারাকক্ষে একটি আইনী সহায়তা সেবাকেন্দ্র প্রতিষ্ঠা করেছিল এবং হত্যা ও অস্ত্র ডাকাতি মামলার জন্য নির্ধারিত মৃত্যুদন্ডের এক মামলা পরিচালনা করে যার ফলে এই প্রথা বিলুপ্ত করা হয়। সুসান এবং আরও শতশত মানুষ মৃত্যুর সারি থেকে মুক্ত হয়েছিল।

## যে মানুষেরা আইন ব্যবহার করে জীবনের পরিবর্তন করেছে এরকম একটি সমাজের অংশ হতে পেরে আমি খুবই গর্বিত

আইন ব্যবহার করে আজ এবং ভবিষ্যতের জীবনকে পরিবর্তন করেছে এমন লোকদের সমাজের একটি অংশ হতে পেরে আমি গর্বিত। তারা ব্যক্তি মানুষ এবং তাদের স্বাধীনতা অর্জন করছে কিন্তু এছাড়াও জাতীয় পর্যায়ে আইন পরিবর্তন করতে এবং আরও ন্যায়বান জাতি তৈরী করতে কাজ করছে।

যে মানুষেরা কারা-পরিচর্যা কাজের সাথে নিজেদেরকে জড়িত করতে চাই, তাদেরকে আপনি কি উপদেশ দেবেন?

সঠিক এবং বেঠিকের পরিষ্কার ধারনা সম্বলিত ১৮ বছরের একজন সরল মানুষ হিসাবে আমি নিজেকে কারা-পরিচর্যা কাজের দিকে প্রেরোচিত করেছিলাম। এখন আমি যে কারাগার হল একটি জটিল সমাজ। আমার উপদেশ হবে যে:

- সম্পর্ক তৈরী করা। বাইরে থেকে আসা একজন আগন্তক হিসাবে বলার চেয়ে তাদের কাছ থেকে বেশি শোনা এবং সময় নিয়ে সম্পর্ক তৈরী করা গুরুত্বপূর্ন, এমনকি যাদের দৃষ্টিভঙ্গি বুঝতে আমাদের কষ্ট হয়।

- কারাবন্দি এবং নিচু পদের কারা-কর্মীদেরকে ছোটো করে দেখবেন না। এই মানুষদের অভিজ্ঞতা, প্রতিভা এবং সহনশীলতা আছে কারন কারাগারে টিকে থাকতে হলে সৃজনশীলতা এবং ঐকান্তিকতা দরকার হয়। কারা-কর্মীদেরকে প্রায়ই অবমূল্যায়ন করা হয় এবং কম বেতন দেওয়া হয় - কিন্তু কারাগারের স্থানগুলোতে ইতিবাচক রুপান্তরের জন্য তারাই হল অপরিহার্য অঙ্গ। এপিপি-তে সব ধরনের কারাকর্মীদের সাথে আমরা খুব ঘনিষ্ঠভাবে কাজ করি, কারন আমরা জানি যে পরিশেষে এরাই কারাগারগুলো পরিবর্তন করে।

- কারাবন্দীরা হল নির্ভরশীল- এরকম চিন্তার ফাঁদে পা দেবেন না। মাঝে মাঝে মানুষের জীবন দেখে আমাদের মনে হতে পারে যে আসলেই কঠিন এবং চিন্তা করি, ‘ আমাদের কাছ থেকে টাকা-পয়সা বা জিনিস-পত্র তাদের এখন দরকার’। আমি মনে করি প্রাথমিকভাবে আমাদের সকলের প্রয়োজন হল, লোকেরা যেন আমাদের অতীতের চেয়ে আলাদা একটা ভবিষ্যত পেতে পারে তার জন্য সুযোগ করে দেওয়া। আমাদের উচিত দ্রুত কারো বিচার না করা বরং কারাগার এবং এর বাইরের লোকদেরকে দ্রুত ভালবাসা।

আলেকজান্ডার ম্যাকলীন হলেন আফ্রিকান প্রীজন প্রজেক্ট (এ পি পি) এর প্রতিষ্ঠাতা এবং মহা পরিচালক। এছাড়াও তিনি টিয়ারফান্ডের ব্যক্তি উৎসাহ কার্যক্রমের একজন গ্রাজুয়েট।

Web: www.africanprisons.org
Email: info@africanprisons.org



লেখক- কলিন্স মুসোনা

# স্বাস্থ্যসম্মত কারাগার তৈরী করা

জাম্বিয়ার কারাগারগুলি খুবই অস্বাস্থ্যকর স্থান হতে পারে। এখানে অতিরিক্ত ঠাসাঠাসি, অপর্যাপ্ত খাবার এবং পরিষ্কার পরিচ্ছন্নতার অবস্থা নিম্নমানের ইত্যাদি সমস্যগুলি আছে। যক্ষা এবং ম্যালেরিয়ার মত রোগ এখানে সবসময় আছে। প্রায় ২৭ শতাংশ বন্দী এখানে এইডস নিয়ে বেঁচে আছে যা সাধারন মানুষের মধ্যে সংখ্যার চেয়ে দ্বিগুন।

আমরা বিশ্বাস করি যে, প্রিজন ফেলোশীপ জাম্বিয়া (পি এফ জেড)-তে দেওয়া স্বাস্থ্য-শিক্ষা, কারাগারে বাস করা লোকদেরকে স্বাস্থ্যকর জীবন যাপনে অভ্যস্থ করে তুলতে পারে। যে বিষয়গুলি বন্দীদের ভাল থাকতে প্রভাবিত করে সেগুলি নিয়ে আলোচনা করতে আমরা কিছুটা প্রশ্ন-উত্তর পদ্ধতিতে স্বাস্থ্য-শিক্ষা চালু করি।

## ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্র

সরকারের সহযোগিতায় আমরা কারাগারের ভিতরে ভ্রাম্যমান ক্লিনিকগুলি পাঠানোর ব্যবস্থা করি। স্বেচ্ছাসেবক স্বাস্থ্যকর্মীদের দ্বারা এইগুলি তত্বাবধান বা চালানো করা হয়। কারাবন্দীদের যদি আরও জটিল কোন চিহিৎসার দরকার হয়, আমরা তখন বড় কোন স্বাস্থ্য সেবা কেন্দ্রে পাঠানোর সুপারিশের ব্যবস্থা করি।

কারাবন্দীদের এইডস HIV আছে কি-না পরীক্ষা করতে উৎসাহ দিই এবং এই পরীক্ষা করানোর আগের ও পরের বিষয়ে সুপরামর্শ দিই। যাদের শরীরে HIV এইডস এর জীবানু পাওয়া যায়, আমরা তাদেরকে সাহায্য এবং টিকে থাকবার মত চিহিৎসার ব্যবস্থা করি। এছাড়াও তাদেরকে আমরা পুষ্টিকর সম্পূরক খাদ্য এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষাগুলি করায় যাতে দেখা যায় যে তারা কেমন করছে।

## সবার মাঝে বার্তা পৌঁছানো

বন্দীদেরকে স্বাস্থ্য-বিধি, পুষ্টি এবং HIV এইডস এর মত বিষয়গুলি শিক্ষা দিতে পি এফ জেড স্বাস্থ্য শিক্ষা সেশন চালু করে। বন্দীদের প্রশ্নগুলির বিষয়ে বিভিন্ন তথ্য আমরা ছোট ছোট প্রচার পত্রের মাধ্যমে দিই এবং স্থানীয় ভাষায় সেগুলোর অনুবাদ নিশ্চিত করি। যাহোক, অনেক বন্দী অশীক্ষিত হওয়ায় আমরা নাটক ব্যবহার করি। বন্দীদের মাঝে স্বাস্থ্য সম্পর্কিত বার্তা পৌছে দিতে আমরা একটি নাট্য দল ভাড়া করি যারা গান, বাজনা, অভিনয় এবং ছবির মাধ্যমে সেই বার্তাগুলি তাদের সামনে তুলে ধরে।

ভাল একটি উদাহরনের কথা আমার মনে পড়ে যে, HIV এইডস এর চিকিৎসা পরিকল্পনা মেনে চলার গুরুত্ব নিয়ে একটি নাটক দেখানো হয়। HIV এইডস আক্রান্ত একজন বন্দী যাকে এইমাত্র চিকিৎসা পরিকল্পনা দেওয়া হয়েছে-এমন একটি চরীত্রে একজন অভিনয় করেছিলেন। অভিনেতা তার কিছু মনোভাব প্রকাশ করেছিলেন যেমন, 'আমি কারাগারে আছি এবং আর কখনোই আমার পরিবারকে দেখতে পাব না- এর চেয়ে বরং এখন মরে যাওয়াই ভাল, তাহলে আমাকে আর ঔষধপত্র খেতে হবে না'। এর পরপরই আরেকজন অভিনেতা তাকে সমর্থন জানাতে, চিকিৎসা নেওয়ার সব কারন ব্যাখ্যা করতে আসল। স্বাস্থ্য বার্তাগুলি বুঝতে এবং তা জীবনে কাজে লাগাতে এই ধরনের নাটিকাগুলি মানুষকে সাহায্য করে।

## একে অন্যকে সমর্থন করা

পি এফ জেড এর কর্মী হিসাবে কারাগারে আমাদেরকে প্রতিদিন একটি নির্দিষ্ট সময় থাকতে দেওয়া হয়। এইজন্য বন্দীদেরকে আমরা শিক্ষার্থী সঙ্গী জোট হিসাবে প্রশিক্ষন দিই যাতে তারা স্বাস্থ্যবার্তাগুলি তাদের সমকক্ষ সহকর্মীদের মধ্যে ছড়িয়ে দিতে পারে। এই সঙ্গী জোটগুলি এককভাবে বা দলীয়ভাবে HIV এইডস প্রতিরোধ এর মত বিষয় গুলি নিয়ে আলাপ করে। সঙ্গী দলের মধ্যে বন্দীরা খোলামেলাভাবে নিজেদের বিভিন্ন উদ্বেগের বিষয়ে আলাপ-আলোচনা করতে পারে এবং অনুভব করে যে সবাই নিজেদেরই লোক। অনেক সঙ্গী শিক্ষার্থীরা নিজেরাই HIV তে আক্রান্ত। পি এফ জেড এর সাথে কাজের মধ্য দিয়ে বন্দীরা যখন নিজেদেরকে দায়িত্বপূর্ন ভূমিকায় দেখে তখন এটা তাদেরকে HIV তে আক্রান্তদের সাথে বাস করার কলঙ্ক কমাতে সাহায্য করে।

এছাড়াও আমরা বিশেষ কিছু কারাবন্দীকে 'চিকিৎসা সহায়তাকারী' হতে প্রশিক্ষন দিই। যখন কারাবন্দীদের শরীরে প্রথম HIV সনাক্ত হয় তখন তারা প্রায়ই নিরাশ হয়ে পড়ে এবং চিকিৎসা পদ্ধতির দিকটি দেখতে পারে না, যেভাবে উপরের নাটকে দেখানো হয়েছে। চিকিৎসা সহায়তাকারীরা এই সহকর্মীদেরকে উৎসাহ প্রদান করেন। তাদেরকে অনুভব করতে সাহায্য করে যে এই কারাগারের বাইরে তারা একদিন সুন্দর ভবিষ্যত পাবে, তাই চিকিৎসা নেওয়ার গুরুত্ব আছে।



প্রীজন ফেলোশীপ জাম্বিয়া, কারাগারের ভিতরে ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্রগুলি পাঠায়।

### আলোচনামূলক প্রশ্ন

- কিভাবে আপনি আপনার স্থানীয় কারাগারের স্বাস্থ্য সেবা উন্নত করতে পারবেন?

কলিন্স মুসোনা হলেন, প্রীজন ফেলোশীপ জাম্বিয়ার স্বাস্থ্য এবং HIV প্রোগ্রাম আফিসার এবং এটি টিয়াফান্ডের সহযোগী সংগঠন।

ই-মেইল: kolintocollins@gmail.com

# কারাবন্দী পরিবারগুলোর জন্য যত্ন



সৃষ্টিশীল কাজগুলি কারাবন্দীর সন্তানদেরকে একটু আরাম ও মজা করতে সাহায্য করে।
ফটো: প্রীজন ফেলোশীপ সিঙ্গাপুর

পরিবারের কেউ যখন কারাগারে যায় তখন পরিবারের সবাই কষ্ট ভোগ করে। পরিবারের যত্ন নেওয়া হল প্রীজন ফেলোশীপ সিঙ্গাপুর (পি এফ এস) পরিচর্যা কাজের একটি গুরুত্বপূর্ন অংশ। নিচে উল্লেখিত কার্যক্রমগুরির মধ্য দিয়ে আমরা প্রায় ৭০ টি কারাবন্দী পরিবারকে সহযোগিতা করি।

• সহযোগি দলগুলি। পরিবারের প্রিয় কেউ যখন কারাবন্দী হয় তখন তার সঙ্গীজন মহা কষ্টে পড়ে যায়। লজ্জার কারনে স্ত্রী অথবা মায়েরা নিজেদেরকে লুকিয়ে রাখে। বিচারিত হওয়ার হীনমন্যতার অনুভূতি ছাড়াই তারা যাতে স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারে সেজন্য সহযোগী দলগুলো তাদেরকে একটি নিরাপদ জায়গা দেয়। এছাড়া সামাজিক কাজ-কর্ম এবং একসাথে পরামর্শের সেশনগুলি চালিয়ে নিতে তাদেরকে একটি কথা বলার মত জায়গাও তারা দেয়।

• পরিবার সাক্ষাৎ। বন্দীর পরিবারগুলোকে বন্ধুত্ব, আশ্বাস এবং পরামর্শ দিতে ফ্যামিলী কেয়ার এবং স্বেচ্ছাসেবকের দলগুলি নিয়মিতভাতে তাদের সাথে সাক্ষাৎ করে। পরিবারের কোন সদস্য যদি অসুস্থ্য বা বিছানাগত হয়ে পড়ে তখন এইভাবে সাক্ষাৎ করাটা বিশেষভাবে উপকারে আসে।

• চাকরী, বৃত্তিমূলক প্রশিক্ষন এবং আর্থিক সাহায্য। পি এফ এস, ভাষা শিক্ষার দক্ষতা, কম্পিউটার এবং হাতের কাজ প্রশিক্ষন দেওয়ার মাধ্যমে কারাবন্দী পরিবারগুরিকে চাকরী খুঁজে পেতে সাহায্য করে।

যে পরিবারগুলিতে জরুরী আর্থিক সাহায্য দরকার আমরা তাদেরকে স্বল্প-মেয়াদী আর্থ প্রদানের ব্যবস্থাও করে থাকি।

• পরিবার পরিসেবার কেন্দ্র, পরামর্শ, দাতা এবং বিশ্বাসী সমাজ এর উল্লেখ। কার্যকরি পরামর্শ এবং সামাজিক কাজের সেবাগুলি দিতে পি এফ এস বিভিন্ন সংস্থার সাথে অংশীদারীত্ব করে। এগুলো করার সাথে সাথে আমরা কারাবন্দী পরিবারগুলির সাথে বন্ধুত্ব বজায় রাখি যাতে মুক্ত হওয়ার পর কারাবন্দীরা আবার তাদের পরিবারগুলোর সাথে মিলিত হতে পারে।

• পিতা-মাতাদের পরিচর্যা। কারাবন্দীদের পিতা-মাতারা প্রায়ই তাদের নাতি-নাতনীদের দেখাশুনাকারীতে পরিনত হয়। কারাবন্দীর পিতা-মাতাদের জন্য পি এফ এস মানসিক, শারীরিক চিকিৎসা এবং অন্যান্য বাস্তবিক সাহায্য দিয়ে থাকে।

• কারাবন্দীর সন্তানদের জন্য সহযোগিতা। কারাবন্দীদের সন্তানেরা প্রায়ই একলা, লজ্জা এবং দারীদ্রতার অভিজ্ঞতা পায়। তাদের তত্বাবধানকারীদের কাছ থেকে তারা হয়তো কম মনোযোগ পাওয়ার কষ্টে ভুগতে পারে, যারা প্রায়ই নিজেদেরকে মানিয়ে নিতে কষ্ট করে যাচ্ছে। কারাবন্দীর সন্তানদের জন্য দেখাশুনাকারী ক্লাবটি সপ্তাহে একবার হয়। আমরা শনিবারে ক্লাসের শিক্ষা, পাঠ, সংগীত, অংকন এবং নাচের মত বিভিন্ন বিষয় আমাদের স্বেচ্ছাসেবকদের সাহায্যে আয়োজন করি। এছাড়াও এই দেখাশুনাকারী ক্লাবটি কারাবন্দীর সন্তানদের স্কুল ছুটির দিনে তাদেরকে নিয়ে বাইরে ঘুরতে যাই ও ক্যাম্প করে এবং মাঠের মধ্যে বিভিন্ন মজার শিক্ষার আয়োজন করে।

আলোচনামূলক প্রশ্ন

• আপনার মন্ডলী বা সংস্থা কিভাবে কারাবন্দীর সন্তানদেরকে সমর্থন যোগাতে পারে?

লেখক: প্রীজন ফেলোশীপ সিঙ্গাপুর এর একজন কর্মী

ওয়েব: www.pfs.org.sg
ইমেইল: admin@pfs.org.sg

## একজন কারাবন্দীর সন্তানকে দেখাশুনা করা

পরিবারের প্রিয় মানুষটির কারাবন্দী থাকা সন্তান এবং দেখাশুনাকারী উভয়ের জন্যই দুর্বহ হতে পারে। আপনি যদি একজন কারাবন্দীর সন্তানের দেখাশুনাকারী হন তবে নীচে কিছু সাধারন উপায় আছে যেগুলি দিয়ে আপনি কঠিন সময়ে তাকে সাহায্য করতে পারেন।

•নিরাপত্তা গঠন করুন। সারাদিনে যা হতে পারে সে বিষয়ে সন্তানটিকে সকালবেলা কিছু জানতে দিন। যেমন, দাদু তোমাকে স্কুল থেকে নিয়ে আসবেন। তারপর তুমি খেলতে যাবে এবং তারপর আমরা সবাই একসাথে রাতের খাবার খাব।'

•আপনার মনের কথা খুলে বলুন। কাগজের তৈরী একটি হার্ট সান্তানটির পকেটে রাখতে দিন। তাকে বলতে পারেন, এটা তোমাকে স্মরন করিয়ে দেবে যে সবসময় আমি তোমার সাথে আছি এবং আমি তোমাকে বালবাসি।'

•আবেগগুলি প্রকাশ করুন। 'আজ তোমার কেমন লাগছে?' সন্তানটিকে এই কথা জিজ্ঞাসা করতে প্রতিদিন সময় নিন। বড় আবেগ বা অনুভুতি সেগুলি যেমনই হোক প্রত্যেকেরই থাকতে পারে- এটা সন্তানটিকে জানাতে ভুলবেন না।

• ন্যায্যভাবে উত্তর দিন। একজন কারাবন্দী বাবা-মা কেমন স্থানে থাকেন যখন তাদের সন্তানদের কাছে তা বলছেন, তখন আপনি বলতে পারেন, 'মা-বাবারা কিছুদিনের জন্য যেখানে থাকেন সেই স্থানকে বলা হয় কারাগার (বা জেলখানা)। নিয়ম অর্থাৎ যাকে বলা হয় আইন, এটা অমান্য করলে মাঝে মাঝে কিশোর-কিশোরীরাও অনেক সময় কারাগারে যায়।

•যোগাযোগ রাখা। যদি সম্ভব হয় ফোনে কথা বলা তবে ছেলেমেয়েদের জন্য এটা অনেক বড় বিষয় যে তারা বাবা-মায়ের স্পর্শে থাকে। কোন বিষয়ে তারা বাবা-মায়ের সাথে কথা বলবে তা চিন্তা করতে এবং কথা বলার সময় বাবা-মায়ের কোন ছবি তাদের কাছে রাখতে তাদেরকে সাহায্য করুন।

•একসাথে প্রস্তুত করা। কারাগারে আপনার প্রিয়জনের সাথে দেখা করার আগে, এমন কোন বিষয় যা ঘটতে পারে বলে সে আশা করে আছে, সেগুলি তাকে জানতে দিন। উদাহরন হিসাবে বলা যায় যে, 'মা অথবা মায়ের সাথে আমরা একই কক্ষে বসতে পারব না কিন্তু আমরা তাদেরকে জানালা দিয়ে দেখতে পারব এবং একসাথে একটি গল্প পড়তে পারব।'

সীসামি স্ট্রীট যন্ত্রাংশ, ছোট ছেলেমেয়ে, বড় চ্যালেঞ্জ ইত্যাদি থেকে সংগৃত। বিস্তারিত জানতে রিসোর্স পৃষ্ঠায় দেখুন।

লেখক ম্যাট বোয়েস

# নতুনদের জন্য কারাগার পরিদর্শন

বাইবেল বলে, ঈশ্বরের অনেক লোক কারাগারের মধ্যে জীবন কাটিয়েছিলেন। যোসেফ, স্যামসন, যিরমিয়, দানিয়েল, যোহন বাপ্তাইজক, পিতর, যোহন, যাকোব, পৌল, সাইল্যাস, আরিস্টার্চ, আন্দ্রীনিকাস, জুনিয়াস এবং এমনকি যীশু নিজেও যখন তাঁকে বন্দী করা হয়েছিল, এরা সবাই কারাগারের দেওয়াল এবং দড়জার পিছনে সময় কাটিয়েছিলেন।

তারা সবাই প্রিয়জনদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে কষ্টের অভিজ্ঞতা লাভ করেছিলেন: অন্ধকার, নিপীড়ন এবং একাকীত্বের। এটা কোন আশ্চর্যের বিষয় না যে খ্রীষ্টানদেরকে কারাগারের ভিতরে পরিদর্শন করতে এবং সেখানকার বন্দীদের যত্ন নিতে ডাকা হয়। ঈশ্বর চান আমরা যেন অন্ধকারে আলো হই -যেখানে প্রায়ই হতাশা থাকে সেখানে যেন আশার বাতিঘর হই।

## আশা নিয়ে আসা

কারাগারের একজন পালক হিসাবে আমি ইশাইয়া ৫৮:১০ পদ থেকে প্রেরনা পাই: 'খিদে পাওয়া লোকদের জন্য নিজের সর্বস্ব দেওয়া এবং অত্যাচারিতদের প্রয়োজন মেটানো।' বিভিন্ন ভাবে অত্যাচার আসে: স্বাধীনতা হারানো, আত্ম-মর্যাদা হারানো, আশপাশের কঠোরতা লজ্জা, দোষ, মানসিক চাপ এবং উত্তেজনা। কারাবন্দীরাও সুসমাচার, গ্রহনযোগ্যতা, বুঝতে এবং সবকিছু ঠিকঠাকভাবে করার জন্য খুব আগ্রহী।

> সবসময় আমার ইচ্ছা হয়েছে যে খ্রষ্টানদেরকে যেন কারাগারের মধ্যে পাওয়া যায়!

কারাগার পরিদর্শন হতে পারে সবচেয়ে কঠিন এবং সম্মানের কাজ যা আমরা অন্যদরকে দিতে পারি। যে সব কারাবন্দীরা জীবনের সবকিছুই হারিয়ে ফেলেছে তাদের সামনে আমরা আশা এবং ভালবাসা তুলে ধরতে পারি। সু-খবরের পাপের ক্ষমার বিনামূল্যের দান এবং যাদেরকে নিন্দা করা হয় তাদের জন্য পবিত্র-আত্মার রুপান্তরকারী কাজ আমরা নিয়ে আসতে পারি।নতুন জীবনের সম্ভাবনা এবং যারা পাপের দাসত্বের স্বীকার হয়েছে তাদেরকে আমরা পরিবর্তন দিতে পারি।



কারো সাথে দোষারোপমূলক আলাপ না করাটা হতে পারে খুবই আরোগ্যদায়ী।

আমার সবসময় ইচ্ছা হয় যে কারাগারের মধ্যে যেন খ্রীষ্টিয়ানদের পাওয়া যায়! আমি তাদেরকে দেখতে চাই যে মুক্তি এবং রক্ষা করার জন্য সবচেয়ে খারাপ পরিস্থিতির মধ্যেও ঈশ্বর যেভাবে ক্ষমতার সাথে কাজ করেন।

দয়া এবং উৎসাহমূলক কথাবার্তার মধ্য দিয়ে খ্রীষ্টিয়ানেরা কারাগারের মধ্যে ঈশ্বরের গ্রহনযোগ্যতা এবং ভালবাসা প্রকাশ করতে পারে।

অবশ্যই, আমরা সুখবরের জন্য মানুষকে চাপ দিই না। কিন্তু আমি অনেক কারাবন্দীকে বিশ্বাস আনতে, আশার নতুন দিগন্ত এবং যীশুতে জীবন খুঁজে পেতে দেখেছি।

তারা যে ভুলগুলো করেছে সেগুলি এখন ঠিকভাবে করার পথ খুঁজে পেতে দেখে খুব ভাল লাগে। পরিবারের সাথে সম্পর্কগুলো আবার ভাল হচ্ছে।

এই অভিজ্ঞতা আমাদেরকে বিশ্বাস করতে সাহায্য করতে পারে যে আমরা যেখানে বসবাস এবং কাজ করি সেই সমাজগুলোর জন্যেও ঈশ্বর একইভাবে কাজ করতে পারেন।

## রুপান্তরিত হওয়া জীবনগুলির শক্তি

কারাগারের মধ্যে ঈশ্বর শক্তিশালীভাবে চলাফেরা করেন এবং কারা- স্বেচ্ছাসেবকরা প্রায়ই অনুভব করেন যে তারা যতটুকু দেন বলে চিন্তা করেন তার চেয়ে অনেক বেশি অর্জন করেন।

ভালবাসার মূল্য দিতে হয়, তাই হতাশার জন্য প্রস্তুত থাকুন কিন্তু সবচেয়ে ভাল কিছুর জন্য ও আশা রাখুন।

জীবন্ত বিশ্বাস খুঁজে পাওয়া একজন মুক্তিপ্রাপ্ত কারাবন্দী ঈশ্বরের শক্তি এবং উপস্থিতির সাক্ষ্য হিসাবে তার নিজ সমাজে ফিরে যায়। এই ধরনের লোকদেরকে গ্রহন করার জন্য মন্ডলীগুলোর প্রস্তুত হওয়া দরকার।

সেই এলাকাগুলোতে হয়তো কোন সাবেক-অপরাধী রয়ে গেছে যাদের এখনো পরিবর্তন এবং বৃদ্ধি হওয়া দরকার, তাই গভীর জ্ঞান এবং অনুগ্রহ প্রয়োজন। আমাদের জন্যেও এটা সত্য হবে।

আমরা যারা খ্রীষ্টান, আমাদের কাছে কারা-সেবা বা প্রীজন মিনিস্ট্রী হল আমাদের ঈশ্বর যিনি হারানো আত্মাদের খোঁজ করেন এবং রক্ষা করেন তাঁকে আরাধনার একটি কাজ। আমাদের স্থানীয় কারাগারগুলো এবং সেই অন্ধকারে যীশুর আলো যেন জ্বলতে পারে সেজন্য প্রার্থনা করতে পারি।

ম্যাট বোয়েস হলেন যুক্তরাজ্যের ফেল্থাম কারাগারের ব্যবস্থাপনা যাজক।

ই-মেইল: matt.boyes@hmps.gsi.gov.uk

# যেভাবে কারাগার পরিদর্শন কাজের সাথে জড়িত হওয়া যায়

## ১ ফোনে যোগাযোগ করা

কারাগারের ভিতরে ঢুকার বিষয়ে আপনি কিভাবে শুরু করতে পারেন? প্রথম পদক্ষেপ হল কোন কারাগারে চ্যাপলীন বা আত্মিক পরিচর্যাকারীদের সাথে যোগাযোগ করা যারা ইতিমধ্যেই সেখানে সহযোগিতা এবং প্রার্থনার কাজ চালিয়ে যাচ্ছেন। তারা আপনাকে বলতে পারবে কারাগারে ঢুকতে হলে কি দরকার এবং কোন পদ্ধতি অনুসরন করতে হবে। পরিদর্শকদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ন হল নম্র হওয়া এবং যেকোন ধরনের সেবা দিতে রাজি থাকা।

যদি সেই কারাগারে কোন চ্যাপলীন (আত্মিক পরিচর্যাকারী) না থাকে, তবে আপনি নিত্যপ্রয়োজনীয় সাহায্য দিয়ে কারাগার প্রসাশকের সাথে যোগাযোগ করতে পারেন। কোন কোন দেশে কয়েদীদের খাবার দেওয়া খুবই প্রয়োজন হয়, বিশেষ করে যাদের পরিবার কাছাকাছি থাকে না। এই ধরনের বাস্তবিক সাহায্য অনেক বড় কোন পরিচর্যার পথ খুলে দিতে পারে। যদি ডাক্তার, শিক্ষক, নার্স অথবা পরামর্শকের মত কোন পেশার অভিজ্ঞতা আপনার থাকে তবে কারা প্রসাশক হয়ত আপনার কথা শুনতে খুব খুশি হতে পারেন।

প্রীজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল (www.pfi.org) হল একটি আন্তর্জাতিক খ্রীস্টিয়ান সংস্থা যার শাখা অফিস পৃথিবীর প্রায় সবস্থানেই আছে। যখন প্রয়োজনগুলি এবং কার সাথে কথা বলতে হবে তা জানা গেলে শুরু করার জন্য ঐ অফিসগুলি খুব ভাল জায়গা।

## ২ যেকোন পরীক্ষা এবং প্রশিক্ষনের মধ্য দিয়ে যাওয়া

অনেক কারাগারে পরীক্ষা-নীরিক্ষার সুক্ষ পদ্ধতির মধ্য দিয়ে যেতে হবে এবং তা একেক দেশে একেক রকম হবে। কিছু কিছু কারাগার নতুন স্বেচ্ছাসেবকদেরকে প্রশিক্ষনের সুযোগ করে দেয় এবং এটা সবসময় অবশ্যই করা উচিত। স্বেচ্ছাসেবকদেরকে বিশ্বাসে পরিপক্ক হওয়া দরকার। তাদের সবসময় সাধারন পোষাক পরা এবং সঠিকভাবে আচরন করা উচিত।

সবচেয়ে বেশি কার্যকরি বেশকিছু কারা-পরিদর্শক আছে যাদের নিজেদেরই অপরাধের প্রমান আছে, কিন্তু ভিতরে কয়েদীদেরকে পরিদর্শন করতে দেওয়ার আগে তাদেরকে কয়েক বছর অপেক্ষা করতে বলা হয়। আবারও নম্রতা এবং ধৈর্য ধারন করা হল চাবি।

## ৩ নিয়মগুলি সবসময় মেনে চলা

শাসনকর্তাদের দায়িত্ব হল কারাগারের মধ্যে কয়েদী এবং কর্মী উভয়কে নিরাপদে রাখা। নিরাপত্তার নিয়ম-কানুনগুলি যদি মানা না হয় অথবা অনুচিত সম্পর্কগুলি যদি বেড়ে যায় তবে কারা-পরিচর্যার কাজ সহজেই ধ্বংস হয়ে যেতে পারে।

কয়েদীরা হয়তো কোন কোন নিষিদ্ধ জিনিসপত্র কারাগারের ভিতরে আনার জন্য বা কিছু বাইরে নিয়ে যেতে স্বেচ্ছাসেবকদেরকে অনুরোধ করতে পারে। সুবর্ণ নিয়মটি হল: 'কিছুই ভিতরে আসবে না এবং বাইরে যাবে না।'

## ৪ অন্যদের সাথে ভাল সম্পর্ক তৈরী

কোন কয়েদীকে জিজ্ঞাসা করা যাবে না যে কেন সে কারাগারে আছে, তাদের উত্তর থেকে তাদের সম্পর্কে জানার পর তাদের প্রতি আমাদের আচরনে তা প্রভাব ফেলতে পারে এবং তারা তা জানবে। বরং, মনে রাখুন যে প্রতিটা কয়েদীকে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি করা হয়েছে। আমরা সবাই পাপ করেছি এবং ঈশ্বরের গৌরব বিহীন হয়েছি এবং সবাই যীশু খ্রীষ্টের উপর বিশ্বাসের মধ্য দিয়ে মুক্ত হতে পারি। কাজেই কয়েদীরা আমাদেরই মত! এই ধরনের আচরনের মধ্য দিয়ে অনেক আশ্চর্য আলাপ-আলোচনা এবং সুযোগের পথ খুলে দেয়।

কয়েদীদের প্রয়োজনগুলি মেটাতে এবং তাদের বন্ধু হতে আমাদের চেষ্টা করা উচিত। কথা বলার জন্য এমন কাউকে খুঁজে নেওয়া যে তাদের অপরাধ বিচার করে না এবং বিশ্বাস করে যে তাদের সবচেয়ে ভাল দিকগুলি নিয়ে আলাপ করা তাদের জন্য খুবই আরোগ্যকারী হতে পারে। কারাবন্দীকে বেশি প্রশ্ন করতে চেষ্টা না করাই ভাল, কারন তার কাছে এটা জিজ্ঞাসাবাদ করার মত মনে হতে পারে। বরং তাদের ভয়, আশা, বিভিন্ন প্রশ্ন এবং প্রয়োজনগুলি প্রকাশ করতে দিন। কখনোই তাদের কাছে এমন কোন প্রতিজ্ঞা করবেন না যা আপনি পূর্ন করতে পারেন না যেভাবে অনেকে তাদের সাথে আগে করেছিল।

আপনার ব্যক্তিগত জীবনের বর্ণনা বা খুব বেশি ব্যক্তিগত তথ্য কয়েদীদেরকে না দেওয়া উচিত। এটা সম্পর্কটাকে পেশাগত ভিত্তির উপর রাখে এবং আমাদের প্রিয়জনদেরকে সুরক্ষা দেয়।

## ৫ গোপনীয়তা বজায় রাখা

অবশেষে, আরেকটি কঠিন বিষয় হল ভিতরে যে কয়েদীদের সাথে আমরা সাক্ষাৎ করি তাদের কথা অন্যদের কাছে না বলা। সাধারন যে বিষয়গুলি আমরা দেখেছি এবং অভিজ্ঞতা হয়েছে তা নিয়ে আমরা কথা বলতে পারি কিন্তু কখনোই কোন কয়েদীর নাম বা তাদের ব্যক্তিগত জীবনের বর্ণনা বলা যাবে না যাতে করে তাদেরকে চেনা যায়। এই গোপনীয়তা রক্ষা করা, নির্ভরতা বাড়ায় এবং বিশ্বস্ততার সাথে কাজ করতে আমাদেরকে সাহায্য করে।

# টিয়ারফান্ড লার্ন.... এর পরিচিতি

আমাদের সম্পদের ওয়েবসাইটের নতুন নাম করন করা হয়েছে! টিয়ারফান্ড ইন্টারন্যাশনাল লার্নিং জোন (TILZ) এখন টিয়ারপান্ড লার্ন।

আমরা মনে করি টিয়ারফান্ড লার্ন নামটি (TILZ) থেকে আরও পরিষ্কার এবং টিয়ারফান্ডের জ্ঞান এবং শিক্ষা ছড়িয়ে দিতে আমাদের দর্শনকে আরও ভালভাবে আলোকিত করে।

আরও পরিষ্কার আপনি যদি আগে টিয়ারফান্ড লার্ন ব্যবহার না করে থাকেন , তবে এখানে আমাদের মূখ্য নির্দেশনাগুলির মধ্য দিয়ে ওয়েবসাইটটিতে আপনার বিষয়গুলি খুজে পেতে পারেন:

এখানে আমাদের একটি ব্লগ আছে! সারা পৃথিবী থেকে অনেক মানুষ তাদের গল্প, শিক্ষা এবং দৃষ্টিভঙ্গিগুলি এখানে দিচ্ছে যা আপনি পড়তে পারেন।

আমাদের ছাপান কপিগুলি কিনতে ওয়েবসাইটটি ব্রাউজ করুন। পৃথিবীর যে কোন দেশে পাঠাতে ডাক এবং প্যাকিং খরচ ফ্রী।


নিম্নের চারটি ভাষায় আপনি ওয়েবসাইটটি ব্রাউজ করতে পারেন: ইংলিশ, ফ্রেঞ্চ, পর্তুগীজ এবং স্প্যানিশ।

আপনি কি আমাদের অন্যান্য সম্পদগুলি খুঁজছেন? রিসোর্স ট্যাবের নিচে প্রকাশনার বড় একটি জায়গা পাবেন। এগুলি সম্পূর্ন বিনামূল্যে ডাউনলোড করা যায়। অনেকগুলি ইংলিশ, ফ্রেঞ্চ, পর্তুগীজ এবং স্প্যানিশ ভাষায় দেওয়া আছে।

- মূল নির্দেশিকাগুলি হল-খ্রীষ্টিয়ান উন্নয়ন সংস্থাগুলির জন্য সক্ষমতা গড়ে তোলার নির্দেশিকা (অন্যান্য পাঠকেরাও তা পড়তে পারে)। শিরোনামগুলিতে আরও আছে-এডভোকেসি টুলকিট, প্রজেক্ট সাইকেল ম্যানেজমেন্ট এবং তহবিল সংগ্রহ




- পিলারস গাইডে আছে, ছোট দলে ব্যবহারের জন্য সমাজ উন্নয়নে আলাপ-আলোচনার মধ্য দিয়ে ব্যবহারিক শিক্ষা। শিরোনামগুলিতে আরও আছে, কৃষি বনায়ন, খাদ্য নিরাপত্তা উন্নয়ন এবং ভাল স্বাস্থ্যবিধি এবং পয়োঃনিষ্কাশনকে উৎসাহ প্রদান।
- অন্য প্রকাশনাগুলিতে আছে দুর্যোগ, স্থানীয় মন্ডলী এবং হাতে হাত: যৌন সহিংসতার প্রতি আমাদের প্রতিক্রিয়া বদলাতে বাইবেল অধ্যয়ন।




আপনি কি নির্দিষ্ট কোন কিছুর খোঁজ করছেন? আপনি যা খোঁজ করছেন তা এখানকার সার্চ স্থানে লিখুন

আপনি কি জানেন যে পদক্ষেপ এর ১০৪ নং সংস্করনে এ পর্যন্ত যা কিছু হয়েছে তা সবই টিয়ারফান্ড লার্ন এ দেখা এবং বিনামূল্যে ডাউনলোড করা যেতে পারে?




প্রকাশিত হওয়ার সাথে সাথেই পদক্ষেপ সংস্করনটি গ্রহন করুন! ইমেইলের মাধ্যমে পেতে সাইন আপ করুন।

**আজই আমাদের ওয়েবসাইট ভিজিট করুন: learn.tearfund.org**


লেখক: সারা বাইনস এবং জর্ডন মারী, টিয়ারফান্ডের যোগাযোগ এবং উন্নয়ন দলের কর্মী।

ইমেইল: publications@tearfund.org



লেখক- সাবরিনা মাহ্তানী এবং জেনিফার রিডেল

# একটি ন্যায়বিচারের ফল কি হয়?

ন্যায় বিচারগুলিতে রয়েছে বিশেষ সুরক্ষা যা অপরাধ বিচার পদ্ধতিতে অপরাধে অভিযুক্ত প্রত্যেককে নিরপেক্ষ অথবা ন্যায়সঙ্গত আচরনের নিশ্চয়তা দেয়।

## ন্যায় বিচারগুলি কেন গুরুত্বপূর্ন?

প্রতিটা দেশেই ন্যায্য বিচারগুলি খুবই গুরুত্বপূর্ন। এইগুলি নিশ্চিত করে যে নিরপেক্ষ এবং ন্যায়সঙ্গত প্রক্রিয়া অনুসরন ছাড়া সরকার কাউকে দন্ডাদেশ দিতে পারে না অথবা কারো স্বাধিনতা কেড়ে নিতে পারে না। কাউকে কোন অপরাধে অভিযুক্ত করা হলে, তার সাথে কি ঘটছে তা যেন সে বুঝতে এবং এইগুলি তা নিশ্চিত করে। ন্যায্য বিচারগুলি দেশের অপরাধ বিচার পদ্ধতির উপর লোকেরা যেন নির্ভর করতে পারে এবং আত্মবিশ্বাস রাখতে পারে তা নিশ্চিত করে।

একটি ন্যায় বিচারের অধিকার বিশ্বের অনেক সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়। এটা হল মানবাধিকারের সার্বজনীন ঘোষনার মূল ভিত্তি যা ১৯৪৮ সালে গৃহিত হয়। যদিও একেকটি দেশের বিভিন্ন নিয়ম এবং পদ্ধতিগুলি থাকবে তারপরও যে বিষয়গুলি একটি বিচারকে ন্যায়সঙ্গত করে সেগুলির কিছু সাধারন নিয়ম নিচে দেওয়া হল:

- পরিস্থিতি সম্বন্ধে জানার অধিকার
- একজন আইনজীবী পাওয়ার অধিকার
- একটি উপযুক্ত, স্বাধীন ও নিরপেক্ষ ট্রাইব্যুনালের মাধ্যমে শুনানির অধিকার
- গণ শুনানির অধিকার
- দোষী প্রমানীত না হওয়া পর্যন্ত নির্দোষ হিসাবে বিবেচিত হওয়ার অধিকার
- বাহ্যিকভাবে প্রমান সংগ্রহ করা যা আন্তর্জাতিক মানদন্ড ভঙ্গ করে (যেমন, শারিরীক নির্যাতন)
- আত্মপক্ষ সমর্থনের প্রস্তুতি নিতে পর্যাপ্ত সময় এবং সহাযতাগুলি পাওয়ার অধিকার এবং একটি যৌক্তিক সময়ের মধ্যে শুনানি হওয়ার অধিকার
- বিচার চলাকালে উপস্থিত হওয়ার অধিকার
- সাক্ষ্য ডাকা এবং তাদের পরীক্ষা করে দেখার অধিকার
- প্রয়োজনবোধে একজন ব্যখ্যাকারী এবং অনুবাদকের অধিকার
- দন্ডাদেশ এবং শাস্তিতে আবেদন করার অধিকার

## চ্যালেঞ্জ বা সমস্যাগুলি কি কি?

অনেক দেশে সবসময় ন্যায় বিচার করা হয় না। এর কারণগুলি হল আইন ব্যবস্থার দূর্বলতা, যেমন অপর্যাপ্ত অথবা অল্প প্রশিক্ষিত আইনজীবী এবং বিচারক। অনেক মানুষের অধিকার সম্পর্কে সচেতনতার অভাব। আরেকটি বড় সমস্যা হল দূর্নীতি। কোর্টের প্রসাশনিক কর্মকর্তা থেকে শুরু করে যিনি পরবর্তী শুনানির দিন র্ধায করবেন এবং আপিল কোর্টের বিচারক পর্যন্ত সর্বস্তরে এই দূর্নীতি পাওয়া যেতে পারে।

## নায্য বিচার পেতে সাহায্য করা

১. আপনার অধিকারগুলিকে জানাই এর হল প্রথম পদক্ষেপ। তারপর আপনি সেগুলি দাবি করার চেষ্টা করতে পারেন এবং অন্যদের কাছে এই অভিজ্ঞতা বলতে পারেন।

২. আইনজীবি অথবা আইনী সহায়তাকারী সংস্থাগুলি সম্পর্কে খোঁজ-খবর রাখুন যাতে দরকার লাগলে তাদের সাথে যোগাযোগ করতে পারেন। কোন কোন সংস্থা আইনী অধিকারের প্রশিক্ষনও দিতে পারে।

৩. আপনার দেশের কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে ন্যায় বিচার অধিকার অমান্য করার খবর পাওয়া যেতে পারে, সজাগ থাকুন। মানবাধিকার কমিশন এবং ওমবাডসম্যান (একজন সরকারী লোক যিনি বেসরকারী অফিস বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে করা মানুষের অভিযোগুলির তদন্ত করেন)।

৪. কোনআন্তর্জাতিক সংস্থা যাদের কাছে ন্যায় বিচার অধিকারগুলি অমান্য করার খবর পাওয়া যায়, সজাগ থাকলে তাদের কাছে পেতে পারেন (যেমন জাতি সংঘের বিশেষ তদন্তকারী)।

৫. ন্যায় বিচার অধিকারগুলি আরও নিশ্চিত করতে আপনার সরকারের প্রতিনিধিদেরকে বলুন (কোর্ট, পুলিশ এবং আইনী সহায়তা দলকে আরও বেশি অর্থ বরাদ্দ করতে)।

এই নিবন্ধটি বড় পরিসরে পড়তে হলে, ভিজিট করুন www.tearfund.org/fairtrial



এ্যডভোকএইড নামে সংস্থাটির সহ প্রতিষ্ঠাতা হলেন সাবরিনা মাহ্তানী, এই প্রতিষ্ঠানটি সিয়েরা লীয়নের কিশোরী এবং নারীদেরকে ক্ষমতায়ন এবং বিচার কাজে প্রবেশের শিক্ষা দিচ্ছে। জেনিফার রিডেল হলেন ইংল্যান্ডের ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের একজন জৈষ্ট ক্রাউন কৌসুলি বা আইনজীবী। (একটি ব্যক্তিগত ধারনক্ষমতায় লেখা)।

ওয়েব: www.advocaidsl.org
ইমেইল: info@advocaidsl.org

# কেস স্টাডি : মৃত্যুর সারি থেকে মুক্তি

২০০৩ সালে 'এম কে' নামে একজন নারী (গোপনীয়তা রক্ষার জন্য এই ছদ্মনাম) তার সৎ মেয়েকে হত্যার অভিযোগে সিয়েরা- লীয়নে গ্রেফতার হয়েছিল।

আসলে যা ঘটেছিল তা হল, দুর্ঘটনাক্রমে এমকে'র স্বামী ছয় মাস বয়সের শিশুটির উপর বসে পড়ায় শিশুটি শ্বাসরোধ হযে মারা যায়। তারা দুজনই গ্রেফতার হয়েছিল, কিন্তু তার স্বামী পুলিশকে বলেছিল যে, সে ব্যাটারীর তরল বিষ দিয়ে শিশুটিকে মেরে ফেলে। তারা তাকে বিশ্বাস করেছিল। সে এমকে-কে এটা স্বীকার করতে বলেছিল তাহলে পারিবারিক নিয়মমতে বিষয়টির সমাধা হবে বলে। লিখিত স্বীকারোক্তিতে (যা সে পড়তে জানত না) আঙ্গুলের ছাপ দিয়ে এমকে টিপ সই দিয়েছিল যেটা বিচারে পরবর্তীতে তার বিরুদ্ধে ব্যবহৃত হয়েছিল।



এ্যাডবোকএইড এর প্যারালিগাল নেনি মহিলা বন্দীদের আইনি সহায়তা এবং ব্যাবহারিক সহায়তা করে থাকেন। ছবি: এ্যাডভোকেটএইড

২০০৩ থেকে ২০০৫ সালের শুরুর মধ্যে এমকে কোন রকম আইনী উপদেশ বা সহযোগিতা পাইনি। তার বিচার শুরুর সময় সে উকিলের কাছে যে জবানবন্দী দিয়েছিল সেটা ছাড়া আর কিছুই নাই। সেই উকিল এতই ব্যস্ত ছিলেন যে মাত্র তিন বার তার সাথে কথা বলেছিলেন কিন্তু প্রতিবারই সময় ছিল পনের মিনিটেরও কম। এমকে জিবনে পড়ালেখা করার সুযোগ পাইনি এবং সে ছিল চরম একা আর আতঙ্কগ্রস্থ।

## একটি অন্যায্য দন্ডাজ্ঞা

বিচারের শুনানি ইংরাজিতে হওয়ায় বিচারের সময় কি ঘটছে সে সম্পর্কে এমকের কোন ধারনা ছিল না, যেহেতু এই ভাষায় সে কথা বলেনি। সে হত্যার দায়ে দোষী সাব্যস্থ হয়েছিল এবং মৃত্যুদন্ড দিয়ে তাকে সর্বোচ্চ নিরাপত্তার কারাকক্ষে পাঠানো হয়েছিল।

এমকে লিখিত স্বীকারোক্তিতে
তিনি পড়তে, লিখতে অথবা আইনজীবীকে অর্থ প্রদান করতে অসমর্থ ছিলেন, এমকে কে রাষ্ট্র প্রদত্ত জেল কল্যান অফিসারের উপর নির্ভর করতে হয়েছিল আপিলেন জন্য। এটি সঠিকভাবে অনুস্মরণ করা হয় নাই অথবা তাদারকি করা হয় নাই। যখন সে দোষী সাব্যস্ত হয়েছিল, তাকে জানানো হল যে তার মাত্র ২১ দিন সময় আছে আপিল করার জন্য। তদোপরি, তার ফাইলটি রাষ্ট্রপতির কার্যালয়ে পর্যালোচনার জন্য পাঠানো হয় নাই, যা আইনের বিধান অনুসারে প্রয়োজন ছিল।

এমকে লিখিত স্বীকারোক্তিতে
এমকে জনাকীর্ণ পদেম্বা রোড কারাগারের ছোট, নোংরা একটি কক্ষে বন্দি ছিলেন। তার শাস্তির কিছু পরে, আইনি সহায়তাকারী প্রতিষ্ঠান এডভোকএইড এমকে এর সাথে সাক্ষাত করেন তাদের একটি জেল সাক্ষরতা পাঠদান ক্লাসে। তারা তার মামলাটি গ্রহন করেন এবং চেষ্টার দীর্ঘ প্রক্রিয়া শুরু করেন প্রদেশগুলি থেকে মামলার ফাইল বের করতে। এই প্রক্রিয়ায় ফাইল বের করতে কয়েক মাস লেগে গিয়েছিল দুর্বল ফাইলিং পদ্ধতির কারণে।

## কাছে এবং দূরে প্রচারাভিযান

এমকে লিখিত স্বীকারোক্তিতে
এ্যাডভোকএইড একজন আইনজীবি নিয়োগ করেছে, যিনি একটি আপিল দায়ের করেছেন ২০০৮, কিন্তু এমকে এর মামলাটি প্রত্যাখ্যান করা হয়েছিল সময়ের বাইরে থাকার জন্য। সিয়েরার একটি পুরানো নিয়ম লিওন বলেছেন যে আপিলের জন্য অতিরিক্ত সময় মঞ্জুর করা যেতে পাওে, তবে এমন ক্ষেত্রে নয় যেখানে একজন ব্যাক্তি মৃত্যুদন্ড দেওয়া হয়েছিল। এমকে এই খবর শুনে বির্পযস্ত হয়েছিলন।

এমকে লিখিত স্বীকারোক্তিতে
এডভোকএইড হাল ছেড়ে দেন নাই । তারা ২১ দিন নামক একটা নীতিমালার খসড়া প্রস্তুত করেছিল: আপনার ঘাড় বাঁচানোর যথেষ্ট সময়? এাছাড়াও তারা বিচার খাতের বিভিন্ন অংশ সংস্কারের জন্য তদবির শুরু করেছিল । তারা সিনিয়র সিয়েরালিওন আইনজীবীদের,যুক্তরাজ্যের আইনজীবি, এবং ইউকে এনজিও, দ্যা ডেথ পেনাল্টি প্রকল্প থেকে সমর্থন অনুরোধ করেছিলেন ।

এমকে লিখিত স্বীকারোক্তিতে
তারাও সুশীল সামাজের সংগঠনগুলোকে সাথে নিয়ে প্রচারণা শুরু করেন সিয়েরা লিওনে মৃত্যুর দন্ড প্রাপ্ত মহিলাটিকে যেন ক্ষমা করা হয়, এবং তার মৃত্যুদন্ডের বিরুদ্ধে তাদের লবিং তীব্রতর করেন। তারা সংবাদ ছাপান, মৃত্যু দন্ডাদেশ প্রাপ্ত মহিলার গল্প শুনান, একাধিক রেডিও ও টিভি প্রোগ্রামে এবং নারী আন্দোলনকে এই কারণে দাড়াতে বলেন

এমকে লিখিত স্বীকারোক্তিতে
নভেম্বর ২০১০ সালে, আপিল আদালত এমকে এর মামলা শুনতে সম্মত হন। আদালত মামলাটি পূর্নবিবেচনার পিছনে যুক্তি অন্তর্ভুক্ত করে যে এমকে এর স্বামী, প্রাথমিক স্বাক্ষী হলেও, কখনও তাকে জেরা করা হয়নি।


## অধ্যাবসায় বন্ধ হওয়া

এমকে লিখিত স্বীকারোক্তিতে
মার্চ ২০১১ সালে, এমকে এর মামলা আপিল আদালতে শুনানী হয়েছিল। তার পক্ষে উপস্থাপিত আইনি সহায়তায়, তার বিরুদ্ধে আনিত মামলা দ্রুত খারিজ হয়ে যায়। আদালত এডভোকএইড এর আইনজীবীর সাথে একমত প্রদর্শন করেন যে প্রাথমিক বিচার অন্যায় ছিল। বিচারক পূর্বের রায় উল্টে দিয়েছিলেন, এবং প্রসিকিউশন তার বিরুদ্ধে মামলা প্রত্যাহার করেছিল।

এমকে লিখিত স্বীকারোক্তিতে
ঐদিন, মৃত্যুদন্ড থেকে এমকে কে মুক্তি দেওয়া হয়, তার সাজা হওয়ার ছয় বৎসর পর এবং তার কারাবাসের আট বৎসর পর। তিনি ছিলেন সিয়েরা লিওনে মৃত্যুর সারিতে সবচেয়ে বেশী সময় ধরে থাকা নারী ।

### আলোচনার প্রশ্নসমূহ

- কি উপায়ে এমকে এর মামলা একটি ন্যায্য বিচারের প্রয়োজনীয়তা পূরণ করতে ব্যর্থ হয়েছিল? (১৪ পৃষ্ঠা দেখুন)
- এমকে কে কি সাহায্য করতে পারত অন্যায্য বিচার প্রতিরোধ করতে?
- আপনি কি মনে করেন কি এডভোকএইড এর পন্থা এত কার্যকর করেছে?
- আপনি কি অন্য কোন অন্যায্য বিচারের গল্প জানেন? আপনি কি এখানে বর্ণিত পদ্ধতির কোন একটি পন্থা ব্যাবহার করতে পারেন যেন আরো ন্যায়সঙ্গত ফলাফল পাওয়া যায়?



ডুমুর বৃক্ষ প্রকল্প পূনরুদ্ধারমূলক ন্যায়বিচার কোর্স যার নাম নেওয়া হয়েছে সক্কেয় এর গল্প থেকে।

# পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার কি?

সাধারনত, বিশ্বের ন্যায়বিচার পদ্ধতি শুধুমাত্র দোষীকেই শাস্তি দেয়। এই পদ্ধতির সমালোচকেরা অনেক ত্রুটির প্রতি ইঙ্গিত করে: অধিকাংশ বন্দী পাঁচ বছরে মধ্যে পুনরায় অপরাধ করে এবং অপরাধের শিকার ব্যক্তিরা সাধারনত উপেক্ষীত হন সাক্ষীর অভাবে। কিন্তু বিগত ৪০ বছরে একটি আন্দোলনের আবির্ভাব ঘটেছে যা একটি উত্তম পথের পরামর্শ দেয়..।

## একটি ভিন্ন পদ্ধতি

পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার হল আপরাধের প্রতি প্রতিক্রিয়া যা ক্ষত নিরাময়ের প্রতি জোড় দেয় যা অপরাধীদের আচারণের কারণ অথবা প্রকাশ পায় অপরাধের শিকার ব্যক্তির মধ্যে, অপরাধীদের মধ্যে এবং সমপ্রদায়গুলির মধ্যে। ইহা অপরাধ এবং এর প্রভাব সম্পর্কে চিন্তা করার একটি উপায়কে যুক্ত করে যা প্রথাগত ফৌজদারি বিচার থেকে তিনটি গুরুত্বপূর্ণ পথে আলাদা:

১. একটি পুনরুদ্ধারমূলক দৃষ্টিকোন আমাদের মনোযোগ কেন্দ্রীভূত করে ভুক্তভোগীর নিরাময়ের উপর যা দরকার একটি অপরাধ সংঘঠিত হওয়ার পরে।

২. পূনরুদ্ধারমূলক ন্যায়বিচার অপরাধিদের বাধ্যবাধকতার উপর গুরুত্বারোপ করে যেন তারা তাদের দ্বারা যে সমস্ত লোক ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের ক্ষতিপূরণ করে।

৩. পূনরুদ্ধারমূলক ন্যায়বিচার সব পক্ষকে যুক্ত করতে চায় যারা প্রভাবিত হয়েছেন অপরাধ দ্বারা এবং যার এটা সমাধান করার জন্য ভূমিকা আছে বা ভবিষ্যতে অনুরুপ আপরাধ প্রতিরোধে ভূমিকা রাখবে।

পূনরুদ্ধারমূলক ন্যায়বিচার প্রায়ই যুক্ত করে আপরাধী এবং ক্ষতিগ্রস্থকে। এক সাথে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে। তাদেরকে একে আপরের প্রকৃত অপরাধী হতে হবে না, এবং শিকার হতে হবে না, যদিও কিছু ক্ষেত্রে এটি সম্ভব। এই কার্যক্রমগুলো অপরাধীকে সুযোগ দেয় ক্ষতি ও অপরাধের কারণ বুঝতে, এবং বাস্তব পদক্ষেপ নিতে যেন তারা সংশোধন করে নিতে পারে। ভুক্তভোগীদের সুযোগ আছে তাদের নিজস্ব অভিজ্ঞতা প্রতিফলিত করা এমনভাবে যে অপরাধীদের নিরাময় সাহায্য করে, এবং আপরাধীর মানবতা বুঝতে সাহায্য করে।

পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার পন্থা এখন সমগ্র পৃথিবীতে অনুশীলন হচ্ছে। যেমন, রুয়ান্ডাতে পুনরুদ্ধারমূলক ন্যায়বিচারের উপাদানগুলো ১৯৯৪ সালের অপরাধীদের সাথে এবং গনহত্যা থেকে বেঁচে থাকা লোকগুলোর সাথে সফলভাবে ব্যবহৃত হয়েছে ।

ডুমুর বৃক্ষ প্রজেক্ট হল একটি পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার কোর্স যেটা ১৯৯৬ সালে শুরু হয়েছিল পিজন ফেলোশীপ ইন্টান্যাশনাল কর্তৃক। কোর্সটি এইভাবে আয়োজন করা হয় যেন আপরাধের শিকার ব্যক্তিরা জেলে আসেন এবং কয়েকটি দলগত আলোচনায় বন্দীদের সাথে যোগ দেন। বন্দীরা এবং আপরাধের শিকার ব্যক্তিরা একে অপরের সাথে যুক্ত নন; তারা একে অপরের আপরাধী এবং শিকার নন।

একজন প্রশিক্ষিত ফ্যাসিলিটেটর দলটিকে পরিচালনা করেন বিভিন্ন বিষয়ের মাধ্যমে, যেমন ধরুণ:

- দায়িত্ববোধ
- তোমার গল্প বলা
- ক্ষমা করা
- সংশোধন করা
- শান্তি স্থাপন করা

এই কোর্সের শেষে, অপরাধীগন চিঠি লিখেন এবং নিজেদের সিধ্যান্ত প্রকাশ করেন যে তারা অতীত সম্পর্কে কেমন অনুভব করে এবং ভবিষ্যতে কি ভাবে চলতে চান। অপরাধের শিকার ব্যক্তিগণ বিবেচনা করেন কিভাবে তারা তাদের জীবনকে নিয়ন্ত্রন করতে পারেন এবং সামনের দিগে চলতে পারেন সুস্থতার এবং পুনরুদ্ধারের জন্য। দলের চূড়ান্ত সভাটি হল একটি পাবলিক উদযাপনের সময়।

এই প্রোগ্রামের নামটি এসেছে বাইবেলে বর্ণিত সক্কেয়র গল্প থেকে এবং যীশুর সঙ্গে তার সাক্ষাত থেকে (লুক ১৯:১-১০)। সক্কেয় তার অন্যায় স্বীকার করেছে, অনুতপ্ত হয়েছে এবং সঠিক কাজটি করার চেষ্টা করেছে অন্যদের প্রতি যাদের বিরুদ্ধে তিনি অন্যায় করেছিলেন। যদিও ডুমুর বৃক্ষ প্রজেক্ট বাইবেলীয় নীতি ব্যাবহার করেছে, তবে অংশগ্রহনকারীদের খ্রিষ্টান হবার কোন বাধ্যবাধকতা নাই। এই কোর্সের সর্বশেষ মুদ্রন, ডুমুর বৃক্ষ প্রজেক্ট নতুন পাতা, দুইটি সংস্করণ রয়েছে: আর্দশ সংস্করণ যা অবাধে বাইবেলের গল্পগুলো ব্যবহার করে এবং একটি বিকল্প সংস্করন যেখানে খ্রিস্টধর্মের প্রকাশ্য অবিব্যক্তি অননুমোদিত।

## উভয় দিকেই সুবিধা

ডুমুর বৃক্ষ প্রজেক্ট গবেষণা অধ্যায়ন দেখিয়েছে যে প্রোগ্রামটি উভয় পক্ষ অন্যায়ের শিকার এবং অপরাধীদের জন্য উপকারী। এটি অন্যায়ের শিকার ব্যক্তিদের প্রতি বন্দীদের সহমর্মিতা বৃদ্ধি করে এবং তাদের দৃষ্টি ভঙ্গি পরিবর্তন করে পূনরায় অপরাধ করা থেকে দুরে রাখে। এটি অপরাধের শিকার ব্যক্তির ভালো থাকার অনুভূতি বৃদ্ধি করে এবং তাদের দুশ্চিন্তা ও বিষন্নতা কমিয়ে দেয়। ইংল্যান্ডের একজন বন্দি যিনি প্রোগ্রামে অংশগ্রহন করেছিলেন..

বলেছিলেন, আমার পরিবার, বন্ধু, এবং ভুক্তভোগিদের উপর আমার অন্যায়ের যে প্রভাব আছে সেই সম্পর্কে উপলব্দি করতে এবং বুঝতে এই কোর্সটি আমাকে সাহায্য করেছে । এছাড়াও এটা আমাকে একটি শক্তিশালী সংকল্প দিয়েছে ভবিষ্যতের জন্য।

নিউজিল্যান্ডে কোর্সে অংশ নেওয়া একজন ভুক্তভোগী বলেছেন,"এইটি একটি জীবন বদলে দেওয়ার সুযোগ । আমি একটি অপরাধের শিকার হওয়ায়, আমার অনেক প্রশ্নের উত্তর দরকার ছিল। এটা এখনও আমার জন্য সব সমাধান করেনি, কিন্তু আমি আরও ভাল, আরও বোধগম্য, এবং আমি মনে করি, পূর্বের চেয়ে আরও ক্ষমাশীল ব্যক্তি হয়েছি।"

ফাসিলিটেটরের জন্য পরামর্শ

রিপল ইফেক্ট ব্যায়াম হল বন্দীদের জন্য স্মরনীয়

কারাগারের ভিতরে বালতি ও পাথর আনার ক্ষেত্রে জেল কর্তৃপক্ষের অনুমতির জন্য তাদের সাথে কথা বলতে ভুলবেন না ।

আপনি কিন্তু একই অনুশীলন করতে পারেন খুব ছোট একটি মুদ্রা দিয়ে । অংশগ্রহনকারীদের চ্যালেঞ্জ করুন মুদ্রাটি বোলের মধ্যে ফেলতে জলের উপরের অংশ না নাড়িয়ে। এইটা দেখায় যে পানি না নাড়িয়ে এটা সম্ভব নয় ।

## একটি শহর: রিপল ইফেক্ট

ডুমুর বৃক্ষ প্রজেক্ট কোর্স থেকে নেওয়া এটি একটি নমুনা কার্যক্রম। এটি অপরাধের শিকার ব্যক্তি ও কমিউনিটির উপর সন্ত্রাসের প্রভাব সম্পর্কিত।

### আপনার প্রয়োজন হবে

একটি অবিচ্ছেদ্য বাটি বা বালতি

বালতি ভর্তি জল

একটি ছোট আইটেম যেমন একটি পাথর

### দর্শন

জল ও পাথর ভর্তি বালতি নিন। একটি শান্ত পুকুরে বড় পাথর নিক্ষেপ করার প্রভাব নাটকীয় ভাষায় বর্ণনা করুন। যেহেতু আপনি বর্ণনা করছেন পাথর জলে আগাত করছে, প্রভাবের দৃশ্যমান প্রদর্শন হিসেবে বালতির মধ্যে পাথরটি ফেলুন ।

- পাথর জলে আঘাত করার পর কি ঘটে?
- পাথরটি জলের পৃষ্ঠতলে অদৃশ্য হয়ে যাওয়ার পর কি ঘটে?

তারা লক্ষ্য করবে যে প্রাথমিক প্রভাবের পরেও তরঙ্গ চলতে থাকে এবং দীর্ঘক্ষণ স্থায়ী থাকে ধীরে ধীরে বিবর্ণ হয়ে যাওয়ার পূর্ব পর্যন্ত।

### ব্যাক্তিগতভাবে

নীচের ডায়াগ্রামের একটি কপি সকল অংশগ্রহনকারীকে দেন। তাদের একটু চিন্তা করতে বলেন তারা যে সকল অপরাদের সাথে যুক্ত ছিলেন সেই বিষয়ে। আপনার নিজের ভাষায়, তাদের বলুন:

- এমন ভান করুন যে, একটি পাথর জলে ফেলা হচছে, আপরাধ তরঙ্গ সৃষ্টি করে আরো ছড়িয়ে পরে অনেক লোককে স্পর্শ করে।

পরিচিতদের মধ্য থেকে, আপনার আপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা দলের নাম লিখুন। নিকটস্ত ভুক্তভোগী এবং আপনি যে কেন্দ্রের সবচেয়ে কাছে থাকবেন। তারপর অন্যলোকদের কথা ভাবুন যারা আপনাদের দ্বারা আক্রান্ত হয়েছেন (যেমন, প্রাথমিক ক্ষতিগ্রস্তের পরিবার, এবং বন্ধুরা, আপনার পরিবার এবং বন্ধুরা, কমিনিটির সদস্যগণ এবং অন্যান্যরা) এবং পরবর্তী দলে তাদের নাম যুক্ত করুন।


### একটি দল হিসেবে

একটি দলে, দলগত আলোচনা করতে উতসাহ দেন এই কার্যক্রম কিভাবে অপরাধ সংগঠিত হওয়ার পর তার ফলাফল বুঝতে সাহায্য করে ।

**এই প্রবন্ধটি গ্রহন করা হয়েছে জেল ফেলোশীপ ইন্টারন্যাশনাল দ্বারা সরবরাহকৃত সম্পদ থেকে।**

ডুমুর বৃক্ষ প্রজেক্ট নতুন পাতা সম্পর্কে আরো বেশী জানতে চাইলে, অনুগ্রহ করে যোগাযোগ করুণ জেল প্রিজন ফেলোশীপ ইন্টানন্যাশনাল এর সাথে।

Web: www.pfi.org
Email: info@pfi.org



# কারাগারের আড়ালে সুসমাচার



Photo: Andrew Philip

কারাগারে থাকা অবস্থায় বন্দীদের খ্রীষ্টিয় বার্তা অন্বেষণ করার সুযোগ দেওয়ার জন্য বেশ কয়েকটি কোর্স ডিজাইন করা হয়েছে। এই কোর্সগুলো বন্দীদেরকে তাদের জীবন এবং পছন্দগুলো একটি বোধগম্য পরিবেশে একসঙ্গে প্রতিফলিত করতে সাহায্য করে । অনেক বন্দীদের জন্য, বিশ্বাসের যাত্রা শুরু করা, তাদেরকে ক্ষমা অভিজ্ঞতা করা এবং নতুনভাবে শুরু করতে সক্ষম করে।

একটি সমীক্ষা দেখিয়েছে যে পুনরায় অপরাধের মাত্রা ৫৮ শতাংশ থেকে ১৭ শতাংশে নেমে এসেছে স্বল্প মেয়াদি বন্দিদের ক্ষেত্রে যারা আলফা কোর্স সম্পন্ন করেছেন এবং আলফার অংশীদার দাতব্য, প্রাক্তন অপরাধীদের জন্য যত্ন থেকে সাহায্যের জন্য সাইন আপ করেছেন।

## কারাগারের জন্য আলফা

আলফা কোর্স বর্তমানে ৫৫টি দেশে ৮০০ টিরও বেশী কারাগারে চলছে। এটি প্রায়শই কারাগারের বাইরের লোকদের সাথেও ব্যবহার করা হয়।

কোর্সটি স্থানীয় প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত জাতীয় আলফা অফিস দ্বারা পরিচালিত। এটি দশটি সেশন নিয়ে গঠিত যা কভার করে খ্রীষ্টান বিশ্বাসের প্রধান দিকগুলো । বিষয়গুলির মধ্যে রয়েছে 'যীশু কেন মারা গিয়েছিলেন?' 'কেন এবং কিভাবে আমার প্রার্থনা করা উচিৎ?' এবং ' আমি কিভাবে মন্দকে প্রতিহত করতে পারি?'

প্রতিটি সেশন সপ্তাহের বিষয় একটি আলোচনা অন্তর্ভুক্ত করে, যেটা উপস্থাপন করা যেতে পারে ব্যক্তি বা ভিডিও দেখানোর মাধ্যমে। এর পরে, অংশগ্রহনকারীরা তাদের চিন্তাভাবনা একটি আলোচনার সেশনে শেয়ার করে।

## বন্দীদের যাত্রা

বন্দীদের যাত্রা বন্দীদের অনুমতি দেয় মার্কের সুসমাচার ব্যবহার করে খ্রীষ্টধর্ম অন্বেষন করতে। কোর্সটি খ্রীষ্টিয়ান স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত হয়, যারা প্রথমে প্রশিক্ষণ গ্রহন করেছিলেন তাদের স্থানীয় জেল ফেলোশীপ শাখা থেকে। আট সপ্তাহ সময়কালে, অংশগ্রহনকারীরা যীশু কে এবং কেন তিনি এসেছেন সম্পর্কে শিখেন । এবং মানুষের জীবনে তিনি কি পার্থক্য তৈরী করতে পারেন । প্রত্যেক সপ্তাহে, স্বেচ্ছাসেবকদের দারা পরিচালিত দলগত আলোচনায় বন্দিরা অংশ নেন ।

বন্দীদের কোর্স শেষ হবার পর, স্বেচ্ছাসেবকরা তাদের আহ্বান করেন পছন্দমত একটি শিষ্যত্ব প্রোগ্রামের ভর্তি হবার জন্য।

উভয় কোর্সের জন্য উপকরণ বিভিন্ন ভাষায় সহজলভ্য।

চলমান বন্দীর যাত্রা সম্পর্কে বিস্তারিত জানতে, পরিদর্শন করুন www.pfi.org or email info@pfi.org

Visit www.alpha.org/prisons or email prisons@alpha.org কারাগারে আলফা পরিচালনার বিস্তারিত তথ্যের জন্য । আলফা অফিসের দেশগুলো হল ঘানা, ইন্ডিয়া, কেনিয়া, নাইজেরিয়া, উগান্ডা এবং জাম্বিয়া।

# কারা ওকালতির জন্য শীর্ষ পরামর্শ

সাবরিনা মাহ্‌তানী

মানুষ প্রায়ই মনে করে যে ওকালতি মানে সরকারকে দিয়ে কিছু পরিবর্তন করানোর চেষ্টা করা । কিন্তু ওকালতি বিভিন্ন স্তরে হতে পারে। যেমন, ওকালতি হতে পারে সহজভাবে একজন কারারক্ষীর সাথে বন্দীদের স্বাস্থ্য সেবা পাওয়ার বিষয় কথা বলা।

## এখানে কিছু শীর্ষ পরামর্শ আছে:

১. বিষয়টি বুঝতে সময় নিন। কেন এই সমস্যা ঘটছে, পরিবর্তন করার জন্য কি করতে হবে এবং বাধাসমূহ কি কি?

২. আপনার ওকালতির ভিত্তি হউক সুষ্ঠ গবেষণা । যেমন, যদি আপনি বলেন, মানুষের বিচারের আগে দীর্ঘ দিন আটকে রাখা হয়, আপনি নিশ্চিত করুন আপনার কাছে প্রমান ও পরিসংখ্যান আছে ব্যাক আপ দেওয়ার জন্য।

৩. ভালো সম্পর্ক গড়ে তুলুন। সম্পর্ক গড়ে তোলার জন্য সময় কাটান যেন আপনি সরকার ও পুলিশের সাথে আলোচনা করতে পারেন। কার ক্ষমতা আছে এবং কারা আপনার মিত্র তার পরিকল্পনা করুন।

4. আপনি কি চান সেই সম্পর্কে পরিষ্কার হন। উদাহারণস্বরূপ, আপনি কি চান একটি নিয়ম বাতিল করা হউক অথবা আপনি কি চান যেন মামলাগুলো দ্রুত বিচারে আসে?

৫. অংশীদারিত্বে কাজ করুন। অন্যান্য যে সংস্থাগুলো একই বিষয়ে কাজ করে সেইগুলো খুজে বের করুন। জোঠে কাজ করা আপনাকে শক্তিশালী ভয়েস দিবে এবং এর অর্থ হলো আপনাকে সমর্থন করার জন্য মানুষ আছে।

৬. আপনার কাজের গুনগত মান নিশ্চিত করুন। যদি সরকার, দাতারা, এবং এনজিওগুলো দেখেন যে আপনি জেলে গুনগত কাজ করছেন, তারা আপনাকে আলোচনায় আমন্ত্রণ জানাতে পারে।

৭. সৃজনশীলভাবে বার্তা শেয়ার করুণ।ব্যক্তিগত উদাহারণ এবং কেস স্টাডিস ব্যবহার করুণ আগ্রহ সৃষ্টি করার জন্য এবং বোঝার জন্য।

৮. আপনি যাদের সাহায্য করতে চেষ্টা করছেন তাদেরকে যুক্ত করুন। আপনি কি করছেন সেই সম্পর্কে তাহাদের পরামর্শ দেন, এবং এই প্রক্রিয়ার অংশ হতে তাদেও যতটা সম্ভব জায়গা দেওয়ার চেষ্টা করুণ।

সাবরিনা মাহতানি হল এডভোকএইড এর সহ প্রতিষ্ঠাতা এবং টিয়ারফান্ডের অনুপ্রাণিত ব্যক্তি প্রোগ্রামের একজন গ্রাজুয়েট । বিস্তারিত জানার জন্য ১৪ পৃষ্ঠা দেখুন।

# বের হয়ে নতুন করে শুরু করা

কারাবন্দীরা সাজাভোগ করার পর মুক্ত হয়ে কারাগারের প্রবেশদ্বার দিয়ে বের হওয়ার পর, নতুন করে একটি জীবন শুরু করা তাদের জন্য ভীষন কঠিন হয়। প্রাক্তন অনেক অপরাধীদের বাস করার জন্য একটি নতুন জায়গা এবং জীবন-যাপনের জন্য একটি উপায় খুঁজে পেতে সাহায্যের দরকার হবে। ঠিক তেমন গুরুত্বপূর্নভাবে, সমাজে পুনরায় সম্পৃক্ত হতে (সমাজে পুন:মিলন) এবং অপরাধ মুক্ত জীবন-যাপন করতে সমর্থনমূলক সম্পর্ক এবং উৎসাহ দরকার হবে।

২০০৪ সালে প্রীজন ফেলোশীপ কম্বোডিয়া (পি এফ সি), কম্বোডিয়ার সরকারের আমন্ত্রনে সেখানকার কারাবন্দীদের পুনরেত্রীকরনের জন্য সর্বপ্রথম সেবা চালু করে। নিচে এই সেবার মূল উপাদানগুলি দেওয়া হল।

## ১-মুক্তি লাভের জন্য প্রস্তুতি

কারাবন্দীরা মুক্তি লাভের আগে আমরা তাদের সাথে একজন একজন করে এবং দল আকারে কাজ করি যেন তাদের কারাগারে আসার কারনটি তাদেরকে খুঁজে পেতে এবং ভবিষ্যতের বিষয়ে পরিকল্পনা করতে সাহায্য হয়। কারাবন্দীদের মুক্তি লাভের ৬ থেকে ১২ মাস আগে থেকে তাদের ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আমরা কাজ করি। এছাড়াও যে পরিবারগুলির কাছে যাওয়া সম্ভব, সমাজ কর্মীরা তাদের কাছে যায় এবং জীবনের জন্য পুনরায় একত্রিত একটি পরিবার হতে সাহায্য করে। এছাড়াও আমরা নিকটবর্তী মন্ডলীর সাথে যোগাযোগ করি যেন তারা ঐ পরিবারগুলোর খোঁজ-খবর রাখে এবং তাদেরকে উৎসাহিত করে।

## ২- মুক্তি লাভের সময় সমর্থন যোগানো

এটা কার্যসূচীর একটি গুরুত্বপূর্ন দিক। এরআগে, কয়েদীদেরকে কোন কিছু নিয়ে গেইট দিয়ে বের হতে দেওয়া হত না। সাধারনত তারা কয়েক কিলোমিটার দুর থেকে নিকটতম কোন শহরের এবং তারা বেশিরভাগই ছিল শারীরিকভাবে খুব দূর্বল; শুধু বেঁচে থাকার তাগিদে পুনরায় অপরাধী হওয়ার ঝুঁকিও ছিল খুব বেশি। প্রাক্তন অপরাধীদের মুক্তি লাভের সময় তাদের কোন প্রয়োজন, যেমন খাবার এবং বাড়ি ফিরে যাবার যাত্রা খরচ ইত্যাদি স্থানীয় মন্ডলীগুলোকে সাথে নিয়ে পি এফ সি এর অংশীদারেরা যোগান দেয়। তারা যখন নিজের পায়ে দাঁড়াতে চেষ্টা করে তখন যদি প্রয়োজন হয় তবে মন্ডলীগুলো তাদেরকে স্বল্প-মেয়াদে থাকার জায়গা দিতে পারে। প্রাক্তন অপরাধীদেরকে বাড়ি নিয়ে যাবার জন্য প্রাথমিক সরঞ্জামাদির একটি ব্যাগ দেয় যাতে তারা ফিরে যেয়ে পরিবারের জন্য কিছু অবদান রাখতে পারে।

## ৩-পারিবারিক সহযোগিতা

অপরাধ এবং কারাবাস কারাবন্দীদের পরিবারগুলোকে বড় রকমের আর্থিক টানাপোড়েন এর মধ্যে নিয়ে যায়। এই কারণে, কারাগার থেকে বাড়ি ফিরে যাওয়া কারাবন্দীদের অবস্থা তাদের বাড়ি ছেড়ে কারাগারে আসার আগের অবস্থার চেয়ে আরও খারাপ হয়। একজন কারাবন্দীর মুক্তির পরবর্তী মাস থেকে তার পরিবারের প্রয়োজনগুলি পি এফ সি চিহ্নিত করে। আমরা তাদের ঘরবাড়ির প্রারম্ভিক মেরামত, স্কুলের জন্য প্রয়োজনীয় জিনিস এবং স্বাস্থ্যসেবার ব্যবস্থা করি। তারপর আমরা পরিবারগুলোকে নিজেদের আর্থিক অবস্থা উন্নতির দির্ঘমেয়াদী উপায় খুঁজে পেতে সাহায্য করি।

## ৪- সামাজিক যোগাযোগ রক্ষা এবং সমর্থন দেওয়া

কয়েদীরা যখন বাড়ি ফিরে আসে তখন আমাদের সামাজিক কর্মীরা তাদের মুক্তির পর থেকে তিন বছর পর্যন্ত তাদের সাথে দেখা সাক্ষাৎ করা চালিয়ে যায়, দীর্ঘমেয়াদী পুনর্বাসনে নিশ্চিত করতে যতটা সম্ভব প্রয়োজনীয় সহযোগিতা দেয়। প্রতি নব্বই দিনে একবার করে তারা একজন সাবেক অপরাধীর সাথে দেখা করে। এছাড়াও পি এফ সি সাবেক অপরাধীদেরকে নিয়ে আলোচনা সভার আয়োজন করে, যাতে মুক্তি পাবার পর সফলতার সাথে জীবন যাপনের চিন্তাভাবনাগুলি নিয়ে একে অন্যের কাছে বলতে পারে।

## ৫-উপার্জন বৃদ্ধি করতে সহযোগিতা

পুনরায় একত্রীকরনের একটি প্রয়োজনীয় উপাদান হল উপার্জন করতে সক্ষম হওয়া। পি এফ সি বৃত্তিমূলক প্রশিক্ষন দেয় এবং ছোটখাটো কোন ব্যবসা শুরু করতে সাবেক অপরাধীদেরকে সাহায্য দিতে পারে। বৃত্তিমূলক প্রশিক্ষন এবং শিক্ষাদানের ক্লাসগুলি কারাগারে থাকাকালীন সময়ে দেওয়া হয়। কারাবন্দীরা সেখানে সেলাই শিক্ষা, সেলুনের কাজ, মোটরগাড়ী মেরামত, কম্পিউটার চালনা এবং কৃষি কাজ করার মত দক্ষতা অর্জন করতে পারে।

সেলাই ক্লাসের একজন সদস্য বলেন, 'আমাদেরকে যখন কারাগারে পাঠানো হয়েছিল, তখন আমরা আমাদের জীবনের সুযোগগুলি হারিয়েছিলাম। কিন্তু পি এফ এস আমাদেরকে দক্ষতা অর্জনে এবং পরিকল্পনা তৈরী করতে সাহায্য করেছিল, এছাড়াও সুখে এবং আশা নিয়ে বাঁচতে আমাদেরকে উৎসাহিত করে এবং অনুপ্রেরণা দেয়।

## পুনঃপ্রতিষ্ঠিত জীবন

আমরা বিশ্বাস করি যে কম্বোডিয়াতে কারাবন্দীদের পুনঃপ্রতিষ্ঠার জন্য আমরা একটি যুক্তি সম্পন্ন উপকারী আদর্শ স্থাপন করেছি। অনেক সাবেক অপরাধীদের সাথে আমরা কাজ করেছি যারা এখন পুনঃপ্রতিষ্ঠিত এবং ক্ষমতাসম্পন্ন, তাদের পরিবারের সাথে মিলেমিশে একসাথে বাস করছে এবং আয় করতে সক্ষম।

মুক্তি লাভের পর অনেক কয়েদীকে আয়-রোজগার করে তাদের জীবন-যাপনের উপায় বের করা শিখার দরকার হয়। ছবি: প্রিজন ফেলোশীপ কম্বোডিয়া



### আলোচনামূলক প্রশ্ন

- আপনার মন্ডলী বা সংস্থা কিভাবে এই পাঁচটি ধাপের যে কোন একটির সাথে যুক্ত হতে পারে?

এই আর্টিকেলটি সম্পূর্ন করতে সাহায্য করার জন্য আমরা প্রীজন ফেলোশীপ কম্বোডিয়ার কর্মীদেরকে ধন্যবাদ জানাই।

ওয়েব: www.pfcambodia.org
ই-মেইল: director@pfcambodia.org

# হন্ডুরাসে অপরাধ এর প্রতিরোধ

পালক যোয়েল এর মন্ডলী আরও ভাল ভবিষ্যত তৈরীতে পদক্ষেপ নিতে (যতদুর সঠিক) জেসমিনের মত যুবক লোকদেরকে সাহায্য করেছিল। ছবি: জয়ী মার্টন/ টিয়ারফান্ড

অপরাধ এবং কারাবন্দী হওয়ার ঘটনা যখন ঘটে তখন এর প্রতিকারের চেয়ে প্রতিরোধ করলেই ভাল হয়। হন্ডরাসের একটি মন্ডলী সেখানকার স্থানীয়দের মধ্যে সহিংসতা এবং অপরাধমূলক আচরনকে বদলাতে সাহায্য করে আসছে----

পালক যোয়েল তার গাড়ি নিয়ে রাত ১১ টার সময় ফিরছিরেন এবং একটি ফাঁকা রাস্তায় তাকে থামান হল। একজন লোক রাস্তার মাঝখানে ভয় দেখিয়ে তার পথ রোধ করে দাঁড়ায়।

উদ্বিগ্ন অবস্থায় কিছুটা সময় পার হতেই, ছায়ার মধ্য থেকে একজনের গলার আওয়াজ আসল: 'এখানে এস– এটাই হল সেই পালক!'

আক্রমন করার জন্য এটা ছিল স্থানীয় সন্ত্রাসী দলনেতার হুকুম। দু'শ্চন্তা ঝেড়ে ফেলে পালক যোয়েল জানালার কাঁচ নীচে নামালেন এবং সন্ত্রাসী দলের সদস্যেদের সাথে সহজভাবে কথাবার্তা বলে গাড়ি চালিয়ে নিরাপদে বাড়ি ফিরলেন।

এটা হন্ডুরাসের তেগুসিগালপা শহরের এক দরীদ্রতম প্রতিবেশীর সাথে একজন পালক যোয়েল এর ২০ বছরের পরিচর্যা কাজের সময়ে শুধুমাত্র একটি ঘটনা থেকে নেওয়া। তার পরিচর্যা কাজের প্রথম বছরগুলিতে মারা ১৮ নামে একটি ভয়ঙ্কর সন্ত্রাসী দল সমাজে সক্রিয় ছিল। প্রতি সপ্তাহে দুই বা তিনটি মৃত্যুর ঘটনার মধ্য দিয়ে সেখানে সহিংসতা একটা সাধারন বিষয় হয়ে দাঁড়ায়।

যোয়েল বলেন, 'এটা ছিল শুধুই ভয়ঙ্কর একটা সময় পার করা'। দারীদ্রতা, মাদক এবং ভেঙ্গে যাওয়া পরিবারের কারনে সমাজ একবারে বিছিন্ন হয়ে- হন্ডুরাসে সমস্যা ছড়িয়ে পরেছিল। কিন্তু ধীরে ধীরে সন্ত্রাসী দলগুলি ঐ এলাকা থেকে উধাও হয়ে গেল এবং জীবনের উন্নয়ন ঘটতে থাকল। এই পরিবর্তনের কারণ জিজ্ঞাসা করা হলে, পালক যোয়েল সাধারন কথায় বলেন, এটা কোন পুলিশ ষ্টেশন ছিল না- এটা ছিল মন্ডলীর কাজ।'

পালক যোয়েল বলেন, 'এই সমস্ত লোকজনের সাথে কাজ করার অনুভূতি ঈশ্বর আমার অন্তরে দিয়েছেন'। সন্ত্রাসী দলের নেতাদের সাথে কাথাবার্তা বলার মধ্য দিয়ে তিনি শুরু করেছিলেন এবং অল্প অল্প করে তাদের আস্থা অর্জন করেছিলেন। যুবকেরা ফুটবলকে যে কতটা ভালবাসে, তা জেনে তিনি একটি ফুটবল খেলার প্রতিযোগিতা আয়োজন করেন এবং সেখানেও বাইবেল এর নীতিগুলি নিয়ে আলাপ করা হত।

পালক যোয়েলের মনে পড়ে যে, 'তারা আমাদেরকে সম্মানের চোখে দেখতে শুরু করেছিল'। অবশেষে, সে সন্ত্রাসী দলের নেতাদেরকে যীশুর কাছে আসার বিষয়েও বলতে সক্ষম হয়েছিল।

মন্ডলীগুলো ছোট ছেলেমেয়েদের সাথেও কাজ করা শুরু করেছিল। তারা একটি কিন্ডারগার্টেন স্কুল প্রতিষ্টা করেছিল যাতে গরীব ঘরের ছেলেমেয়েরা সেখানে শিক্ষা, স্বাস্থ্যকর খাবার, স্বাস্থ্য এবং দাঁতের চিকিৎসা সেবা সহ বাইবেল এর নীতিগুলি লাভ করতে পারে। কয়েক মাস অন্তর অন্তর মন্ডলী পিতামাতাদের শিক্ষাও চালু করে। পরিবারের ভাঙ্গন এবং সহিংসতার ঐতিহাসিক আদর্শগুলিকে বন্ধ করাই ছিল এগুলির লক্ষ্য।

## জীবনের পরিবর্তনে ফুটবল খেলার ব্যবহার

ছোট ছেলেমেয়ে এবং কিশোর-কিশোরীদের মধ্যে জীবনের দক্ষতা গড়ে তুলতে এবং সহিংসতাকে প্রতিরোধ করতে ফুটবল হল অসাধারন এক হাতিয়ার। এটা তাদের সময়কে ইতিবাচক উপায়ে ব্যায় করতে এবং একটি দল হিসাবে কাজ করতে এবং ভাল সম্পর্ক গড়ে তুলতে শেখায়।

আপনার মন্ডলী বা সংস্থা যদি যুবকদেরকে নিয়ে একটি ফুটবল দল শুরু করতে আগ্রহী হয় তবে, এখানে কিছু উপদেশ রয়েছে:

- যুবক-যবতীদের সাথে কাজ করতে ভালবাসে এবং তাদের জন্য আরও ভাল ভবিষ্যতের দর্শন আছে এমন সাহায্যকারী এবং প্রশিক্ষক খুঁজে নিন।

- আপনার পরিবেশ-পরিস্থিতির সাথে মিলে যায় এমন বিষয় খুঁজে নিন যেগুলি বাইবেলের নীতি শিক্ষা দেয়, যেমন একজন ভাল নাগরিক হওয়া, নারী এবং পুরুষের মধ্যে সমতা এবং সহিংসতা এড়িয়ে চলার প্রয়োজনীয়তা বলতে কি বোঝায়। যখন ক্লাবে সবাই মিলিত হয় তখন কথাবার্তা ও আলোচনার মাধ্যমে এগুলি ব্যবহার করুন।

- কোন চ্যালেঞ্জ মোকাবেলা করতে নিরুৎসাহিত হবেন না। প্রথমদিকে এটা কঠিন মনে হলেও যুবক-যুবতীদেরকে সাহায্য করতে ভালবাসা থাকলে শেষে অনেক বড় ফলাফল তৈরী হয়।

রোসিবেল মার্টিনেজ এবং সারা চামালী, ফুটবল এবং অপরাধ প্রতিরোধের কার্যক্রম ভিভা স্পোর্টস নামে রেড ভিভা হন্ডুরাসের সাথে কাজ করে। এর নির্বাহী সমন্বয়কারী হলেন মারিয়া লুনা এবং বিস্তারিত জানতে, দয়া করে তার সাথে যোগাযোগ করুন- mluna@redviva.hn

এই সমস্ত কার্যক্রমের ছোট ছোট ছেলেমেয়েরা বেড়ে উঠে এখন যুবক-যুবতীতে পরিণত হয়েছে। অনেকেই বিভিন্ন সফলতার দিকে এগিয়ে গেছে যা কেউ কল্পনাও করতে পারেনি। জেসমিন নামের একজন মেয়ে মন্ডলীর সম্পাদক হয়েছে এবং সম্প্রতি সে লোক-প্রসাশনে সর্বোচ্চ নম্বর নিয়ে ডিগ্রী সম্পন্ন করেছে।

জেসমিন বলেন, 'আমি একটি ভাঙ্গা পরিবার থেকে এসেছি এবং মন্ডলী আমাকে খুবই সাহায্য করেছে'। 'এই সমাজের খুব কম মানুষই বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুযোগ পায়। আমিই হলাম সেরকম একজন এবং আমি মন্ডলীকে ধন্যবাদ জানাই'।

পালক যোয়েল রোজালেস ম্যাটুট হলেন টিয়ার ফান্ডের ব্যক্তি মানুষকে উতসাহিত করা প্রকল্পের সদস্য।

ই-মেইল: joelrmidpc@yahoo.com




# অন্যদেরকে ক্ষমা করা

আমরা সবাই ভুল জিনিসগুলি করেছি- এমনকি যাকে আপনি সবচেয়ে ভাল মানুষ হিসাবে জানেন। তবে মহান খবর হল যে, আমাদেরকে ক্ষমা করার জন্য ঈশ্বর সবসময় প্রস্তুত। এবং যারা আমাদেরকে কষ্ট দেয়, তিনি চান আমরা যেন তাদেরকেও ক্ষমা করি। মাঝেমাঝে এটা করা খুবই কঠিন হয়, বিশেষ করে আমরা যখন ঐ কষ্টের অনুভুতিটা ধরে রাখি।

## করনীয় কার্যকলাপ: ক্ষমাশীল অন্তঃকরন

- হয়তো কেউ কিছু করেছে যাকে আপনার ক্ষমা করা দরকার, সেই বিষয়ে চিন্তা করুন।
- যে ঘটনাগুলো ঘটেছিল বা সেই সময় আপনার কেমন লেগেছিল, সেগুলির একটি ছবি হৃদয় আকৃতির একটি কাগজে আঁকুন।
- তারপর সেই লোকগুলিকে ক্ষমা করতে ঈশ্বরের কাছে সাহায্য কামনা করুন।
- মনে রাখবেন, ক্ষমা করাটা কোন আবেগ বা অনুভুতি নয়। এটা হল একটি সিদ্ধান্ত যা গ্রহন করতে হয় এবং তা করতে অনেক সাহস লাগে।

## যারা কারাগারে বন্দী আছেন তাদের সন্তানদের জন্য একটি প্রার্থনা

উঠতি বয়সের ছেলেমেয়েরা আইনের মধ্যে পরে এমন কোন নিয়ম যদি ভঙ্গ করে, তবে মাঝেমাঝে তারা কারাগারে যায়। এটা তাদের সন্তানদের জন্য খুব খারাপ হতে পারে। তাদের জন্য আপনি এই প্রার্থনাটি করতে পারেন:

প্রিয় প্রভু, যে সমস্ত ছেলেমেয়ের মা-বাবারা কারাবন্দী আছে, দয়াকরে তুমি তাদেরকে সাহায্য কর। দয়াকরে এই সমস্ত ছেলেমেয়েদেরকে সান্তনা দাও এবং এমন লোকজন যুগিয়ে দাও যেন এদেরকে তারা ভালবাসে এবং যত্ন নেয়। আমেন।

## বাইবেল এর পদ মুখস্থ করতে আহ্বান জানানো !

তুমি কি বাইবেলের এই পদটি অন্তর দিয়ে শিখতে পার?

'প্রভু যেমন তোমাদেরকে মাফ করেছেন, তোমরাও তেমনি মাফ কর।' (কলসীয় ৩:১৩)

### পূর্বে প্রকাশিত পদক্ষেপ

- পদক্ষেপ ৯২: দ্বন্দ এবং শান্তি
- পদক্ষেপ ৮৬: দূর্নাম
- পদক্ষেপ ৬৮: ক্ষমা এবং পুনর্মিলন
- পদক্ষেপ ২৩: নেশায় আসক্তি পুনর্বাসন

বিনামূল্যে সংখ্যা পেতে ডাউনলোড করুন অথবা প্রিন্ট কপির জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:
ভিজিট করুন -www.tearfund.org/footsteps

### কারাবন্দীদের প্রতি নূন্যতম আচরনের জন্য জাতিসংঘ মানদন্ডের সংশোধিত নিয়মগুলির সংক্ষিপ্ত নির্দেশিকা-

এই সংক্ষিপ্ত নির্দেশিকাটি কারাবন্দীদের সাথে আচরনের মান এর নূন্যতম নিয়মগুলির সংক্ষিপ্তসার, যেগুলি জাতিসংঘ কর্তৃক ২০১৫ সালে সংশোধন করা হয়। ইংলিশ, ফরাসি, স্প্যানিশ, অমাহারিক,জর্জিয়ান, কিনয়ারওয়্যান্ডা, সোয়াহিরি এবং থাই ভাষায় পাওয়া যায়।
বিনামূল্যের সংখ্যা পেতে এখান থেকে ডাউনলোড করুন- www.penalreform.org/resource/short-guide-to-the-nelson-mandela-rules

### মূলভিত্তি-৪: আমাদের সমাজগুলিতে শান্তি-গড়ে তোলা

এই বইটি দ্বন্দ এবং পুনর্মিলনের ধারনা বা তত্বগুলি লক্ষ্য করে এবং শান্তি-গড়ে তোলার কাজে বাইবেলের ভিত্তি প্রদান করে। এছাড়াও শান্তি এবং পুনর্মিলনের উদ্যোগগুলির জন্য এখানে অনেক বাস্তব ধারনা সহ টিয়ারফান্ডের অংশীদারদের কাছ থেকে শিক্ষামূলক বিষয় থাকে।
এটি ইংলিশ, ফরাসি, স্প্যানিশ, এবং পর্তুগীজ ভাষায় পাওয়া যায়। বিনামূল্যের সংখ্যা ডাউনলোড করতে ভিজিট করুন- www.tearfund.org/roots
অথবা ছাপান সংখ্যাটি ১,৩২০ টাকা মূল্যে পেতে, আমাদের সাথে যোগাযোগ করুন।

### ইনসাইড জার্নাল পত্রিকা

ইনসাইড জার্নালটি হল একটি পত্রিকা যা প্রিজন ফেলোশীপ এর মধ্য দিয়ে বছরে চার বার প্রকাশিত হয়। কারাবাসে থাকা মানুষের জন্য এখানে বিভিন্ন তথ্য, উৎসাহ এবং অনুপ্রেরণা থাকে। উত্তর আমেরিকার কারাগারের চ্যাপলীন এবং স্বেচ্ছাসেবকেরা একাধিক কপির জন্য ইমেইল করতে পারেন- insidejournal@pfm.org
অন্যথায়, নীচের ওয়েবসাইট থেকে বিনামূল্যের কপিটি প্রিন্ট করে কারাগারে থাকা বন্ধু-বান্ধব বা আত্মিয়-স্বজনদের ঠিকানায় পাঠাতে পারেন। এখানে স্প্যানিশ অনুবাদ সহ পুরুষ ও নারীদের সংখ্যাও পাওয়া যায়।

www.prisonfellowship.org/resources/inside-journal-archives


INSIDE JOURNAL

How to Be There... When You're Not

### সীয়ান ইন্টারন্যাশনাল

দূর-শিক্ষন পদ্ধতিতে সীয়ান ইন্টারন্যাশনাল ঈশতাত্ত্বিক শিক্ষা কোর্সগুলি প্রশিক্ষন দেয়। কোর্সগুলিকে সীয়ান বিভিন্ন মন্ডলী বা সংস্থার কাছে বিক্রি করে বা অনুমতিপত্র দেয়, যারা সেগুলিকে বিভিন্ন দেশের কারাগারগুলিতে বিরাট সফলতার সাথে কাজে লাগিয়েছে। কোর্সগুলি ফরাসি, স্প্যানিশ, সোয়াহিলি এবং পর্তুগীজ সহ ৭০টি ভাষায় অনুবাদ করা হয়েছে। বাইবেলের ঘটনা এবং চলমান বিষয়াদি যেমন মন্ডলীর প্রচার সভাগুলি কিভাবে পরিচালনা করতে হয়, সেগুলি এর বিষয়বস্তুগুলিতে আছে। কোর্সগুলি বুঝতে সহজ এবং উচ্চশিক্ষা ছাড়াই লোকজন তা করা যায়। ইংলিশ এবং স্প্যানিশ ভাষায় এর ওয়েবসাইট আছে।

ওয়েব: www.seaninternational.com
ইমেইল: contact@seaninternational.com

## কার্যকরী ওয়েবসাইট সমূহ

www.pfi.org
প্রিজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল ১২০ টি দেশ সহ পৃথিবী জুড়ে কাজ করে।

www.prisonfellowship.org
কারাবন্দী, সাবেক অপরাধি এবং তাদের ছেলেমেয়ে এবং পরিবারের সাথে কাজ করার জন্য দরকারী জিনিসপত্রের সম্পদ এখানে রয়েছে মেনুবারের উপরে 'রিসোর্সেস' লেখাতে ক্লিক করুন)।

www.restorativejustice.org
তথ্য এবং পুনঃস্থাপনমূলক ন্যায় বিচারের অনেক সম্পদ ছাড়াও বাইবেল অধ্যায়ন এবং কোন কার্যক্রম শুরু করার নির্দেশিকা এখানে আছে।

www.sesamestreet.org/toolkits/incarceration
কিশোর-কিশোরী ছেলেমেয়েরা যাদের মা-বাবা কারাবন্দী আছে তাদেরকে সাহায্য করার জন্য, একটি বাস্তবভিত্তিক ও মজার সরঞ্জাম। ইংলিশ ও স্প্যানিশ ভাষায়, অনলাইন- এ অথবা মোবাইল ফোন অ্যাপ আকারে আছে।

www.chalmers.org/work-life
সাবেক অপরাধী এবং স্বল্প আয়ের শিক্ষার্থীদের জন্য মন্ডলীতে চালানোর জন্য তৈরী করা একটি কাজের প্রস্তুতি কোর্স।

www.penalreform.org
পেনাল রিফর্ম ইন্টারন্যাশনাল হল একটি স্বাধীন এনজিও, যা সারা পৃথিবীতে অপরাধীদের ন্যায়বিচার সমস্যার উন্নয়নে কাজ করছে।

www.who.int/topics/prisons
বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে কারাবন্দীদের স্বাস্থ্য বিষয়ক অনেক সম্পদ বা রিসোর্স আছে,

## মন্ডলীকে কেন ব্যবসা-বানিজ্যে জড়িত হওয়া দরকার?

খ্রীষ্ট বিশ্বাসী এবং মন্ডলীর মধ্য দিয়ে ধন-সম্পদ তৈরীর বিষয়ে পদক্ষেপ ১০৩ সংখ্যা এবং টিয়ারফান্ড ব্লগের আলোচনা পড়তে পারা ছিল উৎসাহজনক। নিম্ন-আয়ের দেশের বেশ কিছু খ্রীষ্টিয়ান বন্ধুদেরকে আমি এই প্রশ্নগুলি করেছিলাম: একদিকে, মন্ডলীগুলো ধন-সম্পদের আশির্বাদ পাওয়ার জন্য জানু পেতে ঈশ্বরের কাছে প্রার্থনা করছে। অন্যদিকে, টাকা-পয়সা আয় হতে পারে এমন কোন ধরনের কাজকে মন্ডলী খুব সহজে সমালোচনাও করছে। তাহলে, ধন-সম্পদ কোথা থেকে আসে বলে মন্ডলী মনে করে?

ধনী লোকদের পক্ষে স্বর্গে যাওয়াটা সূঁচের ছিদ্র দিয়ে একটা উট যাওয়ার চেয়েও কঠিন, প্রায়ই লোকজন এই পদটি উল্লেখ করে থাকে। কিন্তু আমি মনে করি যে, টাকা-পয়সার প্রতি ধনী লোকটির মনোভাবকেই যীশু সমালোচনা করেছেন কিন্তু টাকা-পয়সাকে না। এছাড়া একজন আহত পথিককে দেখাশুনা করার বিষয়ে ভাল শমরীয়ের গল্পটিও আছে। আমার ধারনা, ঐ শমরীয়টি ছিলেন একজন ভাল ব্যবসায়ী যার কিছু টাকা-পয়সা ছিল,



ছবি: জেমস মরগ্যান/টিয়ারফান্ড

কিন্তু এর চেয়েও গুরুত্বপূর্ন হল যে, তার ব্যবসার টাকা-পয়সা দিয়ে সে তার প্রতিবেশীকে সাহায্য করেছে।

ঈশ্বরের সেবা করতে যেয়ে, পৃথিবী থেকে আমাদেরকে দূরে সরিয়ে রাখার দরকার নেই। আমরা জীবনের সব কিছু দিয়ে তাঁকে গৌরবান্বিত করি। আমার একজন ভারতীয় সহকর্মী বলছিল যে, 'পূর্ন সময় ঈশ্বরের সেবা কাজ' করতে অনেক মেধাবী পুরুষ ও নারী তাদের নিজের ব্যবসা ছেড়ে দিচ্ছে। এটা হল বাইবেল এর ভুল ব্যাখ্যা এবং এতে অনেক সময় তাদের ব্যবসার বিশাল মেধাগুলির অপচয় ঘটে। যতক্ষন পর্যন্ত এটা সৎ এবং বৈধ ব্যবসা, ততক্ষন তা ঈশ্বরের জন্য সন্তুষ্টজনক।

টিয়ারফান্ড পশ্চিম এবং সেন্ট্রাল আফ্রিকা দলের কার্যকারী পোগ্রাম উপদেষ্টা হলেন- ল্যাউ ল্যাউ।

## গাঁটযুক্ত সমস্যা

**প্রশ্ন:** অমাদের মন্ডলীতে একজন সাবেক অপরাধীকে আমরা স্বাগত জানাতে চাই কিন্তু মন্ডলীর সভ্য-সভ্যাদের যাতে কোন ঝুঁকিতে পরতে না হয় তা কিভাবে নিশ্চিত করতে পারি?

উত্তর: সাবেক অপরাধীদেরকে স্বাগত জানাতে এবং তাদের প্রতি ভালবাসা প্রকাশে মন্ডলীর অসাধারন কিছ উপায় আছে। কিন্তু এই প্রক্রিয়ায় কাজ করার সময় কিছু বাস্তবিক চ্যালেঞ্জ বা সমস্যা আসতে পারে যেগুলির জন্য সতর্ক বিবেচনার দরকার।

মন্ডলী এবং বিশেষকরে ছেলেমেয়ে ও অন্যরা যারা ঝুঁকিতে আছে বা অসহায় লোকদেরুকে ক্ষতির হাত থেকে রক্ষা করা খুবই গুরুত্বপূর্ন। মন্ডলীর লোকদেরকে নিরাপদ রাখতে মন্ডলীর উচিত কিছু মূলনীতি তৈরী করা। যেমন উদাহরন হিসাবে বলা যায়, মন্ডলীতে যদি কারো বিরুদ্ধে ছোট ছেলেমেয়েদের সাথে যৌন হেনস্থার অভিযোগ থাকে তবে তাকে কখনোই ছেলেমেয়েদের সাথে কাজ করতে বলা অথবা তত্ত্বাবধান ছাড়া তাদের সাথে যোগাযোগ করানো উচিত হবে না। অতীতে এরকম করেছে এমন যে কেউ ছোট ছেলেমেয়েদের সাথে বা ঝুঁকিপূর্ন মানুষের সাথে কাজ করতে চাইলে সতর্কমূলক পরীক্ষা থাকা উচিত।

বা ঝুঁকিপূর্ন মানুষের সাথে কাজ করতে চাইলে সতর্কতামূলক পর্যবেক্ষন থাকা উচিত। সঠিক নীতিগুলি গড়ে তুলতে আপনার ডিনোমিনেশনের প্রধান কার্যালয়ে হয়ত কিছু দিক-নির্দেশনা থাকতে পারে।

প্রয়োজনীয় যেকোন সীমানা সম্বন্ধে মন্ডলীর নেতাদের উচিত সাবেক অপরাধীদের সাথে একটি চুক্তি গঠন করা। আদর্শগতভাবে, চলমান সহায়তা এবং উৎসাহ দেওয়ার জন্য একজন বিশ্বস্ত পরামর্শদাতা চিহ্নিত করা উচিত।

সত্যিকারভাবে অনুতপ্ত হওয়া সাবেক অপরাধীদের এটা বুঝা উচিত যে, এই মাপকাঠিগুলি মন্ডলীর সভ্য-সভ্যাদের নিরাপত্তার জন্য এবং সাবেক অপরাধীদের প্রলোভনকে এড়িয়ে চলার জন্য রাখা হয়। জবাবদিহীতা এবং সহায়তা দিতে মন্ডলী অনেক বড় ভুমিকা রাখতে পারে।

পদক্ষেপ জনগোষ্ঠী কি আপনার এরকম কোন গাঁটযুক্ত সমস্যাতে সাহায্য দিতে পারে?
তাহলে, নীচের ঠিকানায় আমাদের কাছে লিখুন।

দয়া করে লিখুন: The Editor, footsteps , 100 Church Road, Teddington, TW11 8QE, UK

publications@tearfund.org www.facebook.com/tearfundlearn www.twitter.com/tearfundlearn

পদক্ষেপ

ISSN 0962 28619
পদক্ষেপ পত্রিকাটি পৃথিবীর সমস্ত স্বাস্থ্ এবং উন্নয়নকর্মীদের নিয়ে যুক্ত। এটা হল সমস্ত জাতির খ্রীষ্টানদেরকে উৎসাহিত করার একটি উপায় যেহেতু তাদের জাতিগোষ্ঠীগুলির মধ্যে একাত্বতা সৃষ্টিতে তারা একসাথে কাজ করছে।
তৃণমূল পর্যায়ের উন্নয়নকর্মী এবং মন্ডলীর নেতাদের জন্য পদক্ষেপ বিনামূল্যে দেওয়া হয়।
স্বচ্ছল ব্যাক্তিরা সম্পাদকের সাথে যোগাযোগ করে একটি চাঁদা ধার্য করে নেয়। এতে করে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদেরকে আমরা বিনামূল্যে কপি দিতে পারি।
পাঠকদেরকেও বিভিন্ন ধরনের দৃষ্টিভঙ্গি, লেখা, চিঠি-পত্র এবং ছবি দিতে আমন্ত্রন করা হয়। এছাড়াও পদক্ষেপ পত্রিকাটি ফ্রেঞ্চ ভাষায় Pas à Pas হিসাবে, পর্তুগীজ ভাষায় Passo a Passo হিসাবে এবং স্প্যানিশ ভাষায় Paso a Paso হিসাবে হিন্দী ভাষাতেও এটা পাওয়া যায়
সম্পাদক-জয়ী মার্টিন
Tearfund, 100 Church Road, Teddington,
TW11 8QE, UK
Tel: +44 20 8977 9144
Fax: +44 20 8943 3594
Email: publications@tearfund.org
Website: learn.tearfund.org
অনুবাদ সম্পাদক এলেক্সিয়া হেইউড, হেলেন ম্যাচীন
এই সংখ্যাতে অবদান রাখার জন্য প্রীজন ফেলোশীপ ইন্টারন্যাশনাল-কে বিশেষ ধন্যবাদ,
সম্পাদকীয় কমিটি বারবারা আলমন্ড, জে, মার্ক বাওয়ার্স, মাইক ক্লীফোর্ড, যুদ কলীন্স, স্টীভ কলীন্স, পল ডীন, হেলেন গও, এলীস কীন, টেড ল্যাঙ্কাস্টার, মেলিসা লাওসন, লি্যউ লি্যউ, রোনাল্ড লুবেট, ইডেফোন্সি ন্যাবাহিমানা আমোস আমোওনাবিদি, নাওমী সোসা, শ্যানোন থম্পসন, রেবেকা ওয়েভার-বোয়স, জয় রাইট
এই সংখ্যাতে একজন অতিরিক্ত পাঠককে আনার জন্য ডঃ বেন সিনক্লেয়ারকে ধন্যবাদ।
ডিজাইন উইংফিঙ্গার গ্রাফিক্স, অন্যকেউ না বললে লীড ইলাসট্রেশন, ব্যাখ্যাগুলি আসে পেটরা রোউয়েনযেল এর কাছ থেকে, যেখানে কোন শিল্পী নাই (দ্বিতীয় সংখ্যা) শাস্ত্রের উদ্ধৃতিগুলি পবিত্র বাইবেল, নিউ ইন্টারন্যাশনাল ভার্সন(যদি অন্যটি না পাওয়া যায়),
Copyright © 1979, 1984, 2011 Biblica. Used by permission of Hodder & Stoughton Ltd, an Hachette UK company. All rights reserved.
পরিবেশ বান্ধব প্রক্রিয়ায় ১০০ ভাগ পূনঃপ্রক্রিয়াজাত এফ এস সি- স্বীকৃত কাগজে ছাপান হয়েছিল।
আপনার কাজের সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা এবং পছন্দের ভাষা উল্লেখ করে উপরের ঠিকানায় আপনার লেখা পাঠান বা ইমেইল করুন।
আরেকভাবে, ই-পদক্ষেপ-এ আপনার অংশের জন্য নীচের নির্দেশনাগুলি অনুসরন করুন এবং ছাপান কপি পেতে টিক চিহ্ন দিন।
ইমেইল কপির জন্য, দযা করে উপরের টিযারফান্ড লার্ন ওয়েবসাইটে সাইনআপ করুন।
হোমপেইজের 'পদক্ষেপ পত্রিকার জন্য সাইনআপ' অপশনে যান।
আপনার ঠিকানা পরিবর্তন করলে, দয়া করে সেই রেফারেন্স নাম্বার উল্লেখ করে ঠিকানা পরিবর্তনের অপশন থেকে আমাদেরকে জানান।
কপিরাইট টিয়ারফান্ড ২০১৮. সমস্ত অধিকার সংরক্ষিত।
পদক্ষেপ এর লেখাগুলোকে পূনউৎপাদনের জন্য অনুমোদন দেওয়া হয় এবং প্রশিক্ষনের উদ্দেশ্যে যে সমস্ত মালামাল সরবরাহ করা হয় তা বিনাখরচে বন্টন করা হয় এবং এর কৃতিত্ব দেওয়া হয় টিয়ারফান্ডকে। অন্যান্য বিষয় ব্যবহারের জন্য লিখিত অনুমোদন পেতে, দয়া করে যোগাযোগ করুন
publications@tearfund.org
চিঠি-পত্র এবং আর্টিকেলগুলোর উপরে সম্পাদক বা টিযারফান্ডের প্রকাশিত মতামত এবং চিন্তাভাবনাগুলি নিয়ে মন্তব্য দেওয়ার প্রয়োজন নাই।
পদক্ষেপ এ দেওয়া কৌশলগত তথ্যগুলি যতটা সম্ভব পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হয়, কিন্তু কোন সমস্যা ঘটলে আমরা তার দায় নিতে পারি না।
টিয়ারফান্ড হল একটি খ্রীষ্টিয়ান ত্রাণ এবং উন্নয়ন সংস্থা যা দারীদ্রতা দূর করতে বিশ্বব্যাপি স্থানীয় মন্ডলীগুলিকে নিয়ে একটি নেটওয়ার্ক গড়ে তুলছে।
টিয়াফান্ড কর্তৃক প্রকাশিত। নিশ্চয়তা নির্ভর একটি প্রতিষ্ঠান।
ইংল্যান্ডে নিবন্ধভুক্ত হয়, নং- 994339.
নিবন্ধিত দাতব্য নং-265464
(ইংল্যান্ড এবং ওয়ালেস)

ক্যালী মেগালহায়েস-

# যুব অপরাধীদের জন্য শৃঙ্খলগুলি ভেঙ্গে ফেলা



ক্যালি মেগালহায়েজ এবং তার দাল সাও পাওলোর যুব কারাগারে রূপান্তর এনেছেন । ছবি: জেনি বার্থ/টিয়ারফান্ড

ব্রাজিলে, বার বছর বয়স থেকেই ছেলেমেয়েরা কারাগারে যায়। দুঃখজনকভাবে, তাদের অধিকাংশই মুক্ত হওয়ার এক মাসের মধ্যেই আবার কারাগারে ফিরে যায়। সাও-পাওলো শহরের যুব কারাবন্দীদের সাথে অনেক বছর কাজের পর, এই ছেলেদেরকে সাহায্য করার জন্য আমি একেবারে আলাদা কিছু করতে চেয়েছিলাম। আমি তাদেরকে সাহায্য করতে আশা করেছিলাম যে, তারা আলাদাভাবে চিন্তা করবে এবং আচরন করবে যাতে তারা পুনরায় দোষী হওয়া বন্ধ করবে। কাজেই, আরো ভালোভাবে তাদের কাছে পৌছানোর উপায় জানতে আমি প্রার্থনা করতে শুরু করেছিলাম।

## একটি নতুন ধারা

ব্রাজিলে যাওয়ার আগে আমি একজন পেশাদার অভিনেত্রী এবং নাটকের শিক্ষক হিসাবে কাজ করেছিলাম। ছেলেদের সংগে নাটক করতে পারা যায় কি-না তা নিয়ে আমি চিন্তাভাবনা শুরু করলাম। আমি দুইটা বই পড়লাম, একটি ছিল পুনস্থাপনমূলক ন্যায় বিচার সম্বন্ধে এবং অন্যটি ছিল আত্ম-উপলব্ধি মূলক নাটক বা সাইকোড্রামা (এক ধরনের চিকিৎসা যেখানে অংশগ্রহনকারীরা বিভিন্ন চিত্রনাট্যে অভিনয় করার মধ্য দিয়ে তাদের নিজেদের সমস্যাগুলির বিষয়ে সুক্ষদৃষ্টি লাভ করতে পারে)। আরও কিছু অধ্যায়নের পর, পুনস্থাপনমূলক ন্যায় বিচার এবং আত্ম-উপলব্ধি মূলক নাটককে আমি একত্রে রাখার সিদ্ধান্ত নিয়েছিলাম। যুব কারাবন্দীদের মধ্যে পেশাদার একদলের সাথে কাজ করতে 'শৃঙ্খলা ভঙ্গ' নামে একটি নতুন প্রকল্প তৈরী করেছিলাম।

তরুন অপরাধী যারা খুন, অপহরন, ব্যাংক ডাকাতি এবং অস্ত্র চোরাচালানের মত মারাত্বক অপরাধ করেছিল তাদের জন্য আমরা একটি দলে কাজ শুরু করেছিলাম। তারা বহবার কারাবন্দী হয়েছিল।

কার্যক্রমটিতে তিনটি উপাদান আছে। অন্তত ১২ সপ্তাহ ধরে শাস্তির মেয়াদ প্রায় শেষের দিকে এমন ১০ বছরের ছেলেদের নিয়ে আমরা সাপ্তাহিক আত্ম-উপলব্ধি মূলক নাটকের অধিবেশন চালায়। ঐ সময়ে একই সাথে আমাদের দলের কেউ একজন পরামর্শের জন্য ব্যক্তিগতভাবে প্রতিটি ছেলের সাথে দেখা করে। এই কার্যক্রমের তৃতীয় ধাপটি হল পরিবারগুলির সাথে কাজ করা। কোন কোন পরিবার এত গরীব যে তাদের ছেলে কারাগার থেকে ফিরে আসার পরও আগের মতই টেবিলে খাবার পরিবেশনের কাজ করে। তাই আমরা পরিবারকে সাহায্য করতে চেষ্টা করি- যেমন, মায়েদেরকে কাজ খুঁজে পেতে সাহায্য করি।

## অবিশ্বাস্য রকম ফলাফল

আমাদের এই কার্যক্রমের ফলাফল হল অদ্ভুতপূর্ব। একটি উদাহরনের কথা বলা যায়, এই দলের মধ্যে একটি ছেলে ছিল যে সত্যিকারের শক্ত মনের অপরাধী। সে দিনে দশটি মোটরসাইকেলও চুরি করতে সক্ষম ছিল। আত্ম-উপলব্ধি মূলক নাটকের অংশে সে রাস্তায় আলোর নীচে বসে একটি মোটরসাইকেল মালিকের ভুমিকায় অভিনয় করে। তার দুইজন বন্ধ ছিনতাইকারী সেজে তাদের খেলনা পিস্তল তার মাথায় ঠেকিয়ে মোটরসাইকেলটি চুরি করার অভিনয় করছিল।

তাদেরকে ঐ জায়গায় থামতে বলে আমি ছেলেটিকে জিজ্ঞাসা করলাম, এই মুহূর্তে তুমি কি ভাবছ? তোমার কি মনে হচ্ছে? সে বলেছিল, 'তুমি আমার বাইকটি চুরি করতে পার না! এটা কিনতে আমাকে কঠিন পরিশ্রম করতে হয়েছে! এটা আমার জন্য সহজ ছিল না, কিন্তু এটা আমার বাইক এবংতুমি এটি চুরি করতে পার না!'

এটি চুরি করতে পার না!' ঐ সময় হঠাৎ সে বুঝতে পেরেছিল যে অন্যদের সাথে প্রতিদিন সে কি করেছে।

এবং সে পরিবর্তীত হয়েছিল। সে এই যুব কারাগার থেকে যাওয়ার পরে নাপিতের কাজ শেখে এবং দাদীর গ্যরেজে সেলুনের ব্যবসা শুরু করেছিল। কিছু দিন পরে, অর্থ জমিয়ে সে বন্ধুর সাথে একটি সঠিকমানের সেলুন খুলেছিল। এখন যদি আপনি তার সেলুনে চুল কাটাতে যান তবে সেখানে খরিদ্দারের এত ভীড় যে আপনাকে চার ঘন্টা অপেক্ষা করতে হবে। প্রতি সপ্তাহে সে তিনটি ভিন্ন ভিন্ন দাতব্য প্রতিষ্ঠানে চুল কাটার প্রশিক্ষন দেয়।

এটি ছিল সেই আত্ম-উপলব্ধি মূলক নাটক বা সাইকোড্রামা যা ঐ ছেলেদেরকে পরিবর্তন করেছিল। আমি তার সাথে দুই বছর বসতে পেরেছিলাম এবং বলেছিলাম, 'বন্দুক দেখিয়ে মানুষের জিনিস কেড়ে নেওয়াটা আসলেই ভুল,' এবং এর কোন প্রতিক্রিয়া না হওয়া। আমরা কার্যক্রমটি পর্যালোচনা করে দেখলাম যে, যে সমস্ত ছেলেরা কমপক্ষে দশটি অধ্যায় শেষ করেছিল তাদের ৮০ ভাগ আর পুনরায় আপরাধী হয়নি। সাধারণত পুনঃঅপরাধী হওয়ার হার ১০০ ভাগ। এটা আসলেই একটি বিজয়।

**ক্যালি মেগালহায়েজ দ্যা ঈগল প্রজেক্ট চালান পাওলো, ব্রাজিল। তিনি টিয়ারফান্ডের অনুপ্রাণিত ব্যাক্তি প্রোগ্রামের একজন স্নাতক ডিগ্রি ধারী।**

Web: www.theeagleproject.org
Email: callygeorge@gmail.com

Published by: Tearfund, 100 Church Road, Teddington TW11 8QE, UK

learn.tearfund.org
publications@tearfund.org
www.twitter.com/tearfundlearn
www.facebook.com/tearfundlearn

Prison Fellowship International
tearfund

Registered Charity No. 265464 (England and Wales) Registered Charity No. SC037624 (Scotland)

31905-(0118)